কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (১৫ তলা)
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.agriaudit.org.bd

নং-৮২.১৮.০০০০.০০৩.৩৭.৩০৩.২৩-২৮১ তারিখ:০১/০১/২০২৪ খ্রি.

মহাপরিচালক
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ।

বিষয়ঃ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), ময়মনসিংহ ও এর অধীন নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রেরণ প্রসঙ্গে।

সূত্র নং ৮২.১৮.০০০০.০০৭.৩৪.১৩৬.২৩.১০৬৩ তারিখ:২৬/০৯/২০২৩ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ ও এর অধীন নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট ২৭/১০/২০২৩ হতে ০৩/১১/২০২৩ খ্রি. পর্যন্ত সময়ে অডিট এনগেজমেন্ট টিম নং- ০২ কর্তৃক সম্পন্ন করা হয়েছে। অডিট এনগেজমেন্ট টিম কর্তৃক ফিল্ড পর্যায়ে ২৬টি (ছাব্বিশ) মেমো উত্থাপিত হয় এবং পরবর্তীতে মেমোগুলো একীভূত করে ২৪টি অনুচ্ছেদে রূপান্তর করা হয়। আলোচ্য অনুচ্ছেদসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-1) কর্তৃক পর্যালোচনার প্রেক্ষিতে ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩,১৪,১৫,১৬,১৭ ও ১৮ নম্বরসহ মোট ১৮টি অনুচ্ছেদ-কে SFI (Serious Financial Irregularities) এবং ১৯,২০,২১,২২,২৩ ও ২৪ নম্বরসহ মোট ০৬টি অনুচ্ছেদ-কে Non- SFI হিসেবে অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুচ্ছেদসমূহ নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদনে (AIR) অন্তর্ভুক্ত করতঃ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত SFI (Serious Financial Irregularities) অনুচ্ছেদসমূহের ক্ষেত্রে নিষ্পত্তিমূলক জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে এবং Non-SFI অনুচ্ছেদসমূহের জবাব সরাসরি রিপোর্ট ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তিঃ পরিশিষ্টসহ AIR

(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-৩
ফোনঃ ০২-৮৩৯২০৭৩

নং-৮২.১৮.০০০০.০০৩.৩৭.৩০৩.২৩-২৮১ তারিখ:০১/০১/২০২৪ খ্রি.:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. ডেপুটি সিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
মহাপরিচালকের দপ্তর

| | |
|---|---|
| পরিচালক (প্র. ও অর্থ) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| পরিচালক (গবে. ও পরি.) | নথিতে পেশ করুন |
| মুখ্য বৈ. কর্মকর্তা (সাপাকে) | যোগদান গৃহীত |
| প্রধান বৈ. কর্মকর্তা (প্রশিক্ষণ) | কেন্দ্র/ উপকেন্দ্রে প্রচার |
| উপপরিচালক / হিরক্ষ | আলাপ করুন |
| উপপরিচালক (সাপাকে) | খসড়া পেশ করুন |
| সহঃ পরিচালক/প্র. কর্মকর্তা | সংরক্ষণ করুন |
| নি. প্রকৌ./ সিনি. লাইব্রে.) | ডায়েরী নং |
| উ. বি. কর্মকর্তা (পরি/ গবে. | তারিখ............ |

৩. পিএ টু মহাপরিচালক/পরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা।

৪. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ রফিকুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-৩
ফোনঃ ০২-৮৩৯২০৭৩

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ

# এর হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট

নিরীক্ষা বছরঃ ২০২৩-২০২৪

## কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | অংশ-১ | |
| ১ | এনটিটির নাম | ৫ |
| ২ | নিরীক্ষার সময় | ৫ |
| ৩ | অর্থবছর | ৫ |
| ৪ | এনটিটির সংক্ষিপ্ত বর্ণনা | ৫ |
| ৫ | নিরীক্ষার আওতা | ৫-৬ |
| ৬ | নির্ণায়ক | ৬-৭ |
| ৭ | স্ট্যান্ডার্ড | ৮ |
| ৮ | নিরীক্ষা দলের পরিচিতি | ৮ |
| ৯ | নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থান | ৯ |
| ১০ | এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণ | ৯ |
| ১১ | নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডকুমেন্ট, তথ্যাদি | ৯ |
| ১২ | এনটিটি কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি | ১০ |
| ১৩ | এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড/তথ্যাদি | ১০ |
| ১৪ | এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখ | ১০ |
| ১৫ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষানিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যা | ১০ |
| ১৬ | জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যা | ১১ |
| ১৭ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যা | ১১ |
| ১৮ | জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যা | ১১ |
| ১৯ | নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যা | ১১ |
| ২০ | কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয় এর নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হা/না অনুচ্ছেদ নম্বর সহ) | ১১ |
| | অংশ-২(ক) | |

| | | |
|---|---|---|
| ২১ | SFI অনুচ্ছেদসমূহ | ১২-৪৩ |
| | অংশ-২(খ) | |
| ২২ | NON-SFI অনুচ্ছেদসমূহ | ৪৪-৫১ |
| | পরিশিষ্টসমূহ | |
| ২৩ | SFI পরিশিষ্ট | ৫২-৭৬ |
| ২৪ | NON-SFI পরিশিষ্ট | ৭৭-৮২ |

# অংশ-১

(১) এনটিটির নামঃ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ

(২) নিরীক্ষার সময় (দিন/মাস/বছর) হতে (দিন/মাস/বছর): ২০২৩-২০২৪

(৩) অর্থবছরঃ ২০২৩-২০২৪

(৪) এনটিটির সংক্ষিপ্ত বর্ণনাঃ

মৎস্য গবেষণা ইনস্টিটিউট অর্ডিনেন্স এর মাধ্যমে ১১ জুলাই ১৯৮৪ সালে মৎস্য গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এ্যাক্ট-১৯৯৭ (সংশোধিত) এর মাধ্যমে প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে "বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই)" নামকরণ করা হয়। এটি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত হলেও সম্পূর্ণরূপে এর কার্যক্রম ১৯৮৬ সালে শুরু হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট মৎস্য সম্পদ উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি জাতীয় প্রতিষ্ঠান। ইনস্টিউটের প্রধান কার্যালয় ময়মনসিংহ জেলায় অবস্থিত। প্রতিষ্ঠানটি বর্তমানে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ অনুযায়ী তার কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইনস্টিটিউটের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন জেলায় অবস্থিত ৫টি কেন্দ্র ও ৫টি উপকেন্দ্র হতে জলজ পরিবেশভিত্তিক গবেষলা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও বিএফআরআই এর নিয়ন্ত্রণাধীন মোট ০১টি প্রকল্পের মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতিষ্ঠানটি একটি বোর্ড অব গভর্নরস দ্বারা পরিচালিত হয়।

(৫) নিরীক্ষার আওতাঃ

৩২১১১০৯-শ্রমিক মজুরি

৩২১১১১১-সেমিনার ও কনফারেন্স

৩২৩১২০১-প্রশিক্ষণ ব্যয়

৩২১১১৩১-অন্যান্য (আউটসোসিং কর্মচারীদের বেতন ভাতা)

৩২৪৩১০১-পেট্রোল, অয়েল এন্ড লুব্রিকেন্ট

৩২৪৪১০১-৩২৪৪১০২ ভ্রমণ ও বদলী ব্যয়

৩২৫১১০৬ ও ৩২৫৪১০১ মৎস্য খাদ্য ও মৎস্যজাত দ্রব্য

৩২৩১১০৩-আনসার ও প্রহরী বেতন

৩২৫৫১০৫-অন্যান্য মনিহারী

৩২৫৬১০৫-কাচাঁমাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়

৩২৫৭১০১-কনসালটেন্ট

৩২৫৭১০৩-গবেষণা ব্যয়

৩২৫৮১০১-৩২৫৮১২৭ মেরামত

৪১১২২০১-৪১১২২০২ তথ্য প্রযুক্তি সরঞ্জামাদি ও কম্পিউটার ক্রয়

৪১১১২০১-নির্মাণ,

৪১১২৩০৬-গবেষণা যন্ত্রপাতি

৪১১২৩১৪- আসবাবপত্র

প্রতিষ্ঠানের আয় এবং সিপিএফ হিসাব।

(৬) নির্ণায়ক হিসেবে ব্যবহৃত অথরিটিঃ

১. বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন,২০১৮

২. পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮

৩. সরকারি আদেশ নির্দেশ ও মঞ্জুরীপত্রসমূহ

৪. পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত

৫. জেনারেল ফিনান্সিয়াল রুলস

৬. ডেলিগেশন অব ফিনান্সিয়াল পাওয়ার

৭. ভ্যাট ও আয়কর সংক্রান্ত এনবিআর এর আদেশ

৮. অনুমোদিত বাজেট

৯. মৎস্য ও গবেষণা ইনস্টিটিউট কর্মকর্তা ও কর্মচারী প্রবিধানমালা-২০১৩

১০. উন্নয়ন প্রকল্পের ফান্ড রিলিজ নির্দেশিকা

১১. প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আর্থিক বিধি বিধানসমূহ

১২. সিপিএফ সংক্রান্ত প্রজ্ঞাপন

(৭) অনুসরণকৃত স্ট্যান্ডার্ডঃ

গভর্নমেন্ট অডিটিং সট্যান্ডার্ড অব বাংলাদেশ(GASB) ও

কমপ্লায়েন্স অডিট গাইডলাইন্স।

(৮) নিরীক্ষা দলের পরিচিতিঃ

| ক্রমিক নং | নাম | পদবী | নিরীক্ষা দলে অবস্থান | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১ | জনাব ম. ম. মাসউদুল হক মাসুদ | এএন্ডএও | উপ দলনেতা | ০১৭১৫০০৪৯৭৯ |
| ২ | জনাব মোঃ ইব্রাহীম | এএন্ডএও | উপ দলনেতা | ০১৭২৭৭২৬০৬২ |
| ৩ | জনাব আশরাফ উদ্দিন | এসএএস সুপার | সদস্য | ০১৭৩১৭৪১৪৪৪ |
| ৪ | জনাব মোঃ আব্দুল আজিজ | এসএএস সুপার | সদস্য | ০১৬৮১৫২৫৪৫৮ |
| ৫ | জনাব মোঃ মেহেদী মাসুদ রানা মন্ডল | এসএএস সুপার | দলনেতা | ০১৭১৬৮০৫৭১৭ |
| ৬ | জনাব মোশতাক আহম্মেদ | এসএএস সুপার | সদস্য | ০১৯১২৫২৮৫০০ |
| ৭ | জনাব জাহাংগীর আলম | অডিটর | সদস্য | ০১৮২৯৬২৬০৪৫ |
| ৮ | জনাব জিয়াউর রহমান | অডিটর | সদস্য | ০১৭২৫৭১৬৮৯৮ |
| ৯ | জনাব মোঃ কবির হোসাইন | অডিটর | সদস্য | ০১৮১১৫৩৮৮৪৩ |
| ১০ | জনাব সালমা আকতার লতা | অডিটর | সদস্য | ০১৫১৭৮৩৮৯২৬ |

(৯) নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থান: প্রযোজ্য নয়।

(১০) এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণঃ প্রযোজ্য নয়।

(১১) নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডক্যুমেন্ট এবং তথ্যের তালিকাঃ

১. বাজেট বরাদ্দ, পুনঃ উপযোজন ও মঞ্জুরীপত্র সংক্রান্ত নথি।

২. ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)

৩. ২০২২-২০২৩ অর্থবছরের ব্যাংক হিসাব বিবরণী।

৪. ক্যাশ বহি, বিল রেজিস্টার ও স্টক রেজিস্টার।

৫. ২০২২-২০২৩ অর্থবছরের বিল ভাউচার।

৬. জ্বালানী ব্যয় সংক্রান্ত নথি ও বিল ভাউচার এবং গাড়ির লগ বহি।

৭. যানবাহনের তালিকা, ব্যবহারকারীর নাম ও পদবী

৮. গাড়ী মেরামত সংক্রান্ত নথি ও বিল ভাউচার।

৯. স্থায়ী সম্পদের তালিকা।

১০. টেন্ডার /কোটেশনের নথি।

১১. ঠিকাদার লেজার/আয়কর ও ভ্যাট কর্তন রেজিস্টার।

১২. ওয়ার্কচার্জ/মাস্টাররোল/আউটসোর্সিং জনবলের তালিকা।

১৩. বেতন ভাতা, ভ্রমণ ভাতা এবং ওভারটাইম ভাতা রেজিস্টার।

১৪. স্টক রেজিষ্টার ও মালামাল ইস্যু সংক্রান্ত নথি/রেজিস্টার

১৫. গবেষণা সংক্রান্ত নথি।

১৬. শ্রমিক মজুরি ও নিরাপত্তা সেবা সংগ্রহ এর নথিপত্র।

(১২) এনটিটি কর্তৃক সরবরাহকৃত রেকর্ড, ডক্যুমেন্ট এবং তথ্যের তালিকাঃ

১. বাজেট বরাদ্দ, পুনঃ উপযোজন ও মঞ্জুরীপত্র সংক্রান্ত নথি।

২. ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)

৩. ২০২২-২০২৩ অর্থবছরের ব্যাংক হিসাব বিবরণী।

৪. ক্যাশ বহি, বিল রেজিস্টার ও স্টক রেজিস্টার।

৫. ২০২২-২০২৩ অর্থবছরের বিল ভাউচার।

৬. জ্বালানী ব্যয় সংক্রান্ত নথি ও বিল ভাউচার এবং গাড়ির লগ বহি।

৭. যানবাহনের তালিকা, ব্যবহারকারীর নাম ও পদবী

৮. গাড়ী মেরামত সংক্রান্ত নথি ও বিল ভাউচার।

৯. স্থায়ী সম্পদের তালিকা।

১০. টেন্ডার /কোটেশনের নথি।

১১. ঠিকাদার লেজার/আয়কর ও ভ্যাট কর্তন রেজিস্টার।

১২. ওয়ার্কচার্জ/মাস্টাররোল/আউটসোর্সিং জনবলের তালিকা।

১৩. বেতন ভাতা, ভ্রমণ ভাতা এবং ওভারটাইম ভাতা রেজিস্টার।

১৪. স্টক রেজিষ্টার ও মালামাল ইস্যু সংক্রান্ত নথি/রেজিস্টার

১৫. গবেষণা সংক্রান্ত নথি।

১৬. শ্রমিক মজুরি ও নিরাপত্তা সেবা সংগ্রহ এর নথিপত্র।

(১৩) এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড, ডকুমেন্ট এবং তথ্যের তালিকা : প্রযোজ্য নয়।

(১৪) এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখঃ ০২টি - ২৭/১০/২০২৩ খ্রি. এবং ০৩/১১/২০২৩ খ্রি.)

(১৫) নিরীক্ষা চলাকালে নিরীক্ষা নিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যা: ০২টি

(১৬) জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যা: ০২টি।

(১৭) নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যা: ২৬টি।

(১৮) জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যা: ২৬টি।

(১৯) নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যাঃ নাই।

(২০) কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয় এর নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হাঁ/না অনুচ্ছেদ নম্বর সহ): প্রযোজ্য নয়।

# অংশ-২(ক)

# SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | আরএফকিউ (RFQ) ক্রয়ের সিলিং সীমা লঙ্ঘনপূর্বক অনিয়মিত ভাবে ১৫,৮৪,৮২৩/- (পনের লক্ষ চুরাশি হাজার আটশত তেইশ) টাকার বিল পরিশোধ। | ১৫৮৪৮২৩ |
| ২ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট চাকুরি প্রবিধানমালায় বিধান না থাকা স্বত্বেও উচ্চতর পদে সরাসরি নিয়োগ প্রদান করে ও উচ্চতর গ্রেডে বেতন ভাতাদি পরিশোধ করায় সরকারের ক্ষতি ৩০,২৭,১৪০/- টাকা। | ৩০২৭১৪০ |
| ৩ | চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত কর্মকর্তার সিপিএফ মুনাফা হিসাবকালে বিধি পরিপালন না করে নির্ধারিত সময়ের পরও মুনাফা হিসাবভুক্ত করায় সরকারের ক্ষতি ১৩,২৩,৪৪৮/- (তের লক্ষ তেইশ হাজার চারশত আটচল্লিশ) টাকা। | ১৩২৩৪৪৮ |
| ৪ | শুধুমাত্র ডিপিপিতে বরাদ্দকতৃ অর্থ খরচের নিমিত্তে আবাসিক ভবন মেরামত ও টাইলস স্থাপন বাবদ অনিয়মিত ব্যয় ১৫,৯০,০০০/- (পনের লক্ষ নব্বই হাজার টাকা)। | ১৫৯০০০০ |
| ৫ | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে প্রদান না করে ঠিকাদারের নামে প্রদান করায় অনিয়মিত ব্যয় ১৯,৩৯,২০০/- (উনিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত টাকা) । | ১৯৩৯২০০ |
| ৬ | প্রয়োজন না থাকা সত্বেও যন্ত্রপাতি ক্রয় করে স্টোর রুমে ফেলে রাখায় সরকারি অর্থের অপচয় ১০,০৭,২০০/- (দশ লক্ষ সাত হাজার দুইশত টাকা) । | ১০০৭২০০ |
| ৭ | প্রাপ্য না হওয়া স্বত্বেও প্রাপ্যতা বিহীন অতিরিক্ত বেতন প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৫৭১৯৪০ /- ( পাঁচ লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকা। | ৫৭১৯৪০ |
| ৮ | অতিরিক্ত ব্যয় দেখিয়ে ব্যয়ের রিপোর্ট প্রদান করা এবং মালামাল ক্রয় না করেই কার্যাদেশ প্রদানের মাধ্যমে সংস্থার হিসেবে অর্থ ধরে রাখায় সরকারের আর্থিক ক্ষতি ৮,২২,২৩০/-(আট লক্ষ বাইশ হাজার দুইশত ত্রিশ) টাকা। | ৮২২২৩০ |
| ৯ | ইনস্টিটিউটের নিজেস্ব আয় ও অনান্য বৈধ উৎস হতে প্রাপ্ত ক্রমপঞ্জিভূত অর্থ প্রতিষ্ঠানের তহবিলে জমা না করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৫৩,৩৭,৮১৯/- । | ৫৩৩৭৮১৯ |
| ১০ | প্রয়োজন না থাকা সত্বেও পিপিআর-২০০৮ এর বিধি লংঘন করে রাসায়নিক দ্রব্যাদি ক্রয় বাবদ বিল পরিশোধ করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৪,৮৬,৬৯৮ ( চার লক্ষ ছিয়াশি হাজার ছয়শত আটানব্বই) টাকা। | ৪৮৬৬৯৮ |
| ১১ | ডিপিপি অনুযায়ী আসবাবপত্র ক্রয় করা হলেও সরবরাহকারী কর্তৃক নিম্নমানের আসবাবপত্র সরবরাহ করায় অনিয়মিত ব্যয় ৫,৫৯,৮০০/-(পাঁচ লক্ষ উনষাট হাজার আটশত) টাকা | ৫৫৯৮০০ |
| ১২ | জলযান মেরামত খাতে আর্থিক ক্ষমতা অতিরিক্ত ব্যয় করায় অনিয়মিত ব্যয় ৭০,০০০/- (সত্তর হাজার টাকা। | ৭০০০০ |

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৩ | আবাসিক কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আদায়কৃত বিদ্যুৎ বিল সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি ৭২,২৮৬/- (বাহাত্তর হাজার দুইশত ছিয়াশি) টাকা। | ৭২২৮৬ |
| ১৪ | এয়ার মার্ক বাসায় অবস্থান না করে খালি ফেলে রাখায় সরকারের ৭৫,৯৩৬ টাকা (পঁচাত্তর হাজার নয়শত ছত্রিশ) আর্থিক ক্ষতি হয়েছে। | ৭৫৯৩৬ |
| ১৫ | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অমান্য করে বিল থেকে নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ১০,৩২০/- (দশ হাজার তিনশত বিশ) টাকা। | ১০৩২০ |
| ১৬ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ অনুযায়ী আর্থিক বিবরণী ( Financial Statement) এবং বার্ষিক বিবরণী (Annual Statement) প্রস্তুত না করায় আইনের লঙ্ঘন | ০ |
| ১৭ | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৩১৩৬৭/-। | ৩১৩৬৭ |
| ১৮ | প্রাধিকার বহির্ভূত কর্মকর্তাদের গাড়ী সরবরাহ ও একই কর্মকর্তাদের ২টি করে গাড়ী সরবরাহে অনিয়ম। | ০ |
| | সর্বমোট | ১৮৫১০২০৭ |

কথায় :এক কোটি পঁচাশি লক্ষ দশ হাজার দুই শত সাত

অনুচ্ছেদ নম্বর : ১

**শিরোনাম** : আরএফকিউ (RFQ) ক্রয়ের সিলিং সীমা লঙ্ঘনপূর্বক অনিয়মিত ভাবে ১৫,৮৪,৮২৩/- (পনের লক্ষ চুরাশি হাজার আটশত তেইশ) টাকার বিল পরিশোধ।

**বিবরণ** :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এবং স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে আরএফকিউ (RFQ) ক্রয়ের সিলিং সীমা লঙ্ঘনপূর্বক অনিয়মিত ভাবে ১৫,৮৪,৮২৩/- (পনের লক্ষ চুরাশি হাজার আটশত তেইশ) টাকার বিল পরিশোধ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, এবং স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ এর বাজেট বরাদ্দ, ক্রয় সংক্রান্ত নথি ও পরিশোধিত বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, আরএফকিউ (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ২৪,৪৩,০১৫/- টাকা এবং স্বাদুপানি কেন্দ্রের ২১৪১৮০৮/- টাকাসহ সর্বমোট (২৪,৪৩,০১৫+ ২১৪১৮০৮) = ৪৫,৮৪,৮২৩/- ব্যয় করা হয়েছে। অথচ আর্থিক ক্ষমতা অর্পণ/২০১৫ ক্রমিক ৪৫ (ক) এবং পিপিআর-২০০৮ এর বিধি- ৬৯(১) তফসিল-২ অনুসারে প্রতি ক্ষেত্রে ৩,০০,০০০/- টাকা কিন্তু বছরে অনধিক ১৫,০০,০০০/- টাকা ব্যয় করতে পারবে। এ ক্ষেত্রে তা পরিপালন না করায় দুটি প্রতিষ্ঠানে (৪৫,৮৪,৮২৩-৩০,০০,০০০) = ১৫,৮৪,৮২৩/- অনিয়মিতভাবে আর্থিক ক্ষমতার অতিরিক্ত ব্যয় করা হয়েছে। যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থি। [ বিস্তারিত পরিশিষ্ট-]

অনিয়মের কারণ :

আর্থিক ক্ষমতা অর্পণ/২০১৫ ক্রমিক ৪৫ (ক) এবং পিপিআর-২০০৮ এর বিধি- ৬৯(১) তফসিল-২ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট: বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট জাতীয় চাহিদার নিরিখে বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিচালনা করে। একক বাজেট পদ্ধতির আর্থিক ক্ষমতা অর্পণ বিধিমালার দফা নং-৭২ এর বিধান অনুযায়ী আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাৎসরিক সিলিং ২৫.০০ লক্ষ টাকা। উক্ত বিধানের আলোকে ২৪,৪৩,০১৫/- আরএফকিউ পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ: একক বাজেট পদ্ধতির আওতাভুক্ত আর্থিক ক্ষমতা অর্পণ বিধিমালা তারিখ: ২৪/০৮/২০২০ খ্রি. দফা নং-৭২ এর টেন্ডার ব্যতীত কোটেশনে (RFQ) মাধ্যমে পণ্য ক্রয় ও সংশ্লিষ্ঠ সেবা ক্রয়ের ক্ষেত্রে দেশের অভ্যন্তরে প্রতি ক্ষেত্রে ৫ লক্ষ টাকা এবং বার্ষিক সীমা সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা ব্যয়ের বিধানের আলোকে আলোচ্য ক্রয় কার্য সম্পন্ন করা হয়েছে। প্রতিষ্ঠানটি একটি গবেষণামূলক প্রতিষ্ঠান। ব্রুড মাছ সংরক্ষণ, গবেষণাগারে কেমিক্যালস ক্রয় ও ব্রুড মাছের খাদ্য ক্রয়ে আলোচ্য ব্যয় সংগঠিত হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, আর্থিক ক্ষমতা অর্পণ বিধিমালা তারিখ: ২৪/০৮/২০২০ খ্রি. একক বাজেট পদ্ধতির আওতাভুক্ত কর্মসূচির জন্য প্রযোজ্য । রাজস্ব বাজেটের অধীন আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৫ ক্রমিক ৪৫ (ক) এবং পিপিআর-২০০৮ এর বিধি- ৬৯(১) তফসিল-২ অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা বছরে ১৫ (পনের) লক্ষ টাকা মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পণ্য ক্রয় করতে পারবেন।

নিরীক্ষার সুপারিশ :

অনিয়মিতভাবে ক্রয় প্রক্রিয়ার সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ২

**শিরোনাম** : বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট চাকুরি প্রবিধানমালায় বিধান না থাকা স্বত্ত্বেও উচ্চতর পদে সরাসরি নিয়োগ প্রদান করে ও উচ্চতর গ্রেডে বেতন ভাতাদি পরিশোধ করায় সরকারের ক্ষতি ৩০,২৭,১৪০/- টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট চাকুরি প্রবিধানমালায় বিধান না থাকা স্বত্ত্বেও উচ্চতর পদে সরাসরি নিয়োগ প্রদান করে ও উচ্চতর গ্রেডে বেতন ভাতাদি পরিশোধ করায় সরকারের ৩০,২৭,১৪০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারিদের নিয়োগবিধি, নিয়োগ সংক্রান্ত নথি ও ব্যাক্তিগত নথি পরীক্ষান্তে দেখা যায়, জনাব মো. শহীদুল ইসলাম ২৬-০৯-২০০১ তারিখে কৃষি গবেষণা ব্যবস্থাপনা (বিএফআরআই অংশ)প্রকল্পে(কৃষি অর্থনীতিবিদ)পদে যোগদান করেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-মপম/মৎস্য-৫(বামগই)১৫/২০০১/৩৯৯; তারিখ-০৪-০৬-২০০৭ এর মাধ্যমে ০১-০৭-২০০৬ তারিখ হতে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে রাজস্ব খাতে স্থানান্তরিত করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মচারী চাকুরী প্রবিধানমালা,১৯৮৯ এস,আর,ও নং ৪৩৫-আইন/৮৯ তারিখ-৩০ ডিসেম্বর,১৯৯০ এর আইন মোতাবেক বৈজ্ঞানিক কর্মকর্তা নিয়োগের শর্ত বৈজ্ঞানিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের মাধ্যমে পদ পূরণযোগ্য এবং শিক্ষাগত যোগ্যতা নিম্নরুপ-

" (১) মৎস্য বিজ্ঞানে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক(সম্মান)/প্রাণী বিজ্ঞান/বিজ্ঞানের কোন সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতোকোত্তর ডিগ্রী;"

ইনস্টিটিউটের প্রধান কাজ হচ্ছে মৎস্য বিষয়ক গবেষণা তাই বৈজ্ঞানিক কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে এরুপ শিক্ষাগতযোগ্যতা নির্ধারণ করা হয়। তবে তিনি মৎস্য বিজ্ঞান/প্রাণিবিজ্ঞানের বিষয় সংশ্লিষ্ট না হলেও সরকারের সিদ্ধান্তে প্রকল্পের জনবল হিসাবে রাজস্বখাতে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসাবে স্থানান্তরিত হয়েছেন। পরবর্তীতে ইনস্টিটিউটের স্মারক নং-বামগই-খ-২/২০১১/১১২০ তারিখ-২১-০৮-২০১১ এর মাধ্যমে উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়। ইনস্টিটিউটের কর্মচারী চাকুরী প্রবিধানমালা,১৯৮৯ এর বিধি অনুযায়ী সরাসরি নিয়োগের যোগ্যতা নিম্নরুপ চাওয়া হয়-

" (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৎস্য বিজ্ঞান /প্রাণি বিজ্ঞান/বিজ্ঞানের কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/ দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

(খ) গবেষণা ও প্রশাসনিক ক্ষেত্রে ১ম শ্রেণীর পদে ৫ বছরের চাকুরির অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে কমপক্ষে ৫ টি প্রকাশনা থাকতে হবে" এবং ২৬-০৯-২০১১ তারিখে সর্বোচ্চ বয়সসীমা হবে ৩৫ বছর।

জনাব মো. শহীদুল ইসলাম বিজ্ঞানের কোন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন নাই এবং মৎস্য বিজ্ঞানের কোন বিষয়ে ডিগ্রী নাই। তাঁর সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ০৫-০১-১৯৭৫। জন্মতারিখ অনুযায়ী ২৬-০৯-২০১১ তারিখে তাহার বয়স ৩৬ বছর ০৮ মাস ১১ দিন। শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা না থাকা স্বত্ত্বেও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মচারী চাকুরী প্রবিধানমালা,১৯৮৯ এবং চাকরির বিজ্ঞপ্তির শর্ত লঙ্ঘণ করে জনাব মো. শহীদুল ইসলামকে উচ্চতরপদে নিয়োগ দিয়ে পূর্বের চাকরির ধারাবাহিকতা সংরক্ষন করে উচ্চ গ্রেডে বেতন ভাতাদি পরিশোধ করায় সরকারের ৩০,২৭,১৪০/- রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট দ্রষ্টব্য।

অনিয়মের কারণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট কর্মচারী চাকুরী প্রবিধানমালা,১৯৮৯ এর লঙ্ঘন ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

কোন শর্তের ভিত্তিতে বয়স শিথিল করা হয়েছে এবং শিক্ষাগত যোগ্যতা না থাকা স্বত্ত্বেও কেন উচ্চ পদে সরাসরি নিয়োগ প্রদান করা হয়েছে তা নিয়োগ সংক্রান্ত নথি পর্যালোচনা করে ব্রডশিট জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট চাকুরি প্রবিধানমালায় বিধান না থাকা স্বত্ত্বেও উচ্চতর পদে সরাসরি নিয়োগ প্রদান করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থেকে আদায় করে সরকারি কোষাগারে জমা এবং অনিয়মিত নিয়োগের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা  আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ৩

**শিরোনাম** : চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত কর্মকর্তার সিপিএফ মুনাফা হিসাবকালে বিধি পরিপালন না করে নির্ধারিত সময়ের পরও মুনাফা হিসাবভুক্ত করায় সরকারের ক্ষতি ১৩,২৩,৪৪৮/- (তের লক্ষ তেইশ হাজার চারশত আটচল্লিশ) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়,ময়মনসিংহ এর ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে চুক্তি ভিত্তিক নিয়োগ প্রাপ্ত কর্মকর্তার সিপিএফ মুনাফা হিসাবকালে বিধি পরিপালন না করে নির্ধারিত সময়ের পরও মুনাফা হিসাবভুক্ত করায় সরকারের ক্ষতি ১৩,২৩,৪৪৮ /- টাকা।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ,ব্যয় বিবরণী, সিপিএফ হিসাবের লেজার ও ষ্টেটমেন্ট পর্যালোচনায় দেখা যায় যে, ইনস্টিটিউটের প্রাক্তন মহাপরিচালক জনাব ড. ইয়াহিয়া মাহমুদ জন্ম তারিখ অনুযায়ী ৫৯ বছর হওয়ায় ৩০-০৯-২০২১ তারিখে পিআরএল গমন করতেন। জনপ্রশাসন মন্ত্রণালয়রে পত্র নং ০৫.০০.০০০০.১৪৬.০৩৩.০৪১.২১-৪৫৯; তারিখ-১২-১০-২০২১ইং মূলে ড. ইয়াহিয়া মাহমুদ কে উক্ত পদে ২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। উক্ত কর্মকর্তাকে ৩০ শে জুন ২০২৩ খ্রি. পর্যন্ত চাকুরিকাল প্রদর্শন করে ১৩% হারে সিপিএফ মুনাফা হিসাবভুক্ত করা হয়। উল্লেখিত সার্কুলার অনুযায়ী ৩০-০৯-২০২১ তারিখে পিআরএল গমণ করলে তিনি ৩১-০৩-২০২২ তারিখ পর্যন্ত তিনি ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থের উপর মুনাফা প্রাপ্য হতেন। ইনস্টিটিউটের সিপিএফ হিসাব বিবরণী অনুযায়ী দেখা যায় মার্চ/২০২২ তারিখে ড. ইয়াহিয়া মাহমুদ,মহাপরিচালকের মুনাফাসহ স্থিতি=৭৫,২২,৭৩১/- এবং ৩০ জুন, ২০২৩ তারিখে স্থিতি =৯০,৬৯,২৫২/-।

অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭ তারিখ-১৬ ফেব্রুয়ারি, ২০২১ এর নির্দেশনা নিম্নরুপ-

(২) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তি ভিত্তিক নিয়োজিত না হলে যে তারিখে পিআরএল সে তারিখ হতো সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত ভবিষ্যৎ তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দেওয়া যাবে এবং মোট জমার উপর মুনাফা প্রদেয় হবে; এবং

(৩) উক্ত ছয় মাস সময় অতিবাহিত হওয়ার পর চুক্তি ভিত্তিক নিয়োজিত কর্মচারী ভবিষ্যৎ তহবিল বিধিমালা ১৯৭৯ এর বিধি-৪ (নোট) অনুসরণে স্বেচ্ছাধীন চাঁদা দাতা হিসাবে পুনরায় নতুনভাবে ভবিষ্য তহবিলে যোগদান করতে পারবেন। কিন্তু এক্ষেত্রে তহবিলে জমাকৃত অর্থের মুনাফা হিসাবকালে তাঁর পূর্বে জমাকৃত অর্থ বিবেচনা করা হবেনা।

আলোচ্য ক্ষেত্রে উক্ত প্রজ্ঞাপন লঙ্ঘন করে এপ্রিল/২২ হতে জুন/২৩ মাস পর্যন্ত পূর্বের জমার উপর সিপিএফ মুনাফা প্রদানের ফলে সরকারের ১৩,২৩,৪৪৮/- আর্থিক ক্ষতি হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট দ্রষ্টব্য।

**অনিয়মের কারণ** : অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭ তারিখ-১৬ ফেব্রুয়ারি, ২০২১ এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

নিরীক্ষা আপত্তিতে উল্লেখিত অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭ ; তারিখ- ১৬-০২-২০২১ এর বিধিটি সংগ্রহে না থাকায় তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ সম্ভব হয়নি। সিপিএফ মুনাফা নির্ধারণ বিষয়ক আইন ও প্রদত্ত মুনাফা পর্যালোচনা করে ব্রডশিট জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা উল্লেখিত সার্কুলার অনুযায়ী ৩০-০৯-২০২১ তারিখে পিআরএল এ গমন করলে তিনি ৩১-০৩-২০২২ তারিখ পর্যন্ত ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থের উপর মুনাফা প্রাপ্য হতেন। আলোচ্যক্ষেত্রে তা না করে ১৩,২৩,৪৪৮/- টাকা সিপিএফ মুনাফা বেশী প্রদান করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ৪

**শিরোনাম** : শুধুমাত্র ডিপিপিতে বরাদ্দকতৃ অর্থ খরচের নিমিত্তে আবাসিক ভবন মেরামত ও টাইলস স্থাপন বাবদ অনিয়মিত ব্যয় ১৫,৯০,০০০/- (পনের লক্ষ নব্বই হাজার টাকা)।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), কক্সবাজার এর আওতাধীন সামুদ্রিক মৎস্য গবেষণা জোড়দারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে শুধুমাত্র ডিপিপি তে বরাদ্দকৃত অর্থ খরচের নিমিত্তে আবাসিক ভবন মেরামত ও টাইলস স্থাপন বাবদ ১৫,৯০,০০০/- অনিয়মিত ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় উক্ত প্রকল্পের আবাসিক ভবন মেরামত খাতের বিল/ভাউচার, ক্যাশ বুক, অন্যান্য নথি নিরীক্ষাকালে দেখা যায় ডিপিপিতে ৩২৫৮১০৬-আবাসিক ভবন খাতে ১৫,৯০,০০০/- সংস্থান রাখা হয়েছে । সে প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরে আরএফকিউ পদ্ধতির মাধ্যমে সর্বনিম্ন দরদাতা হিসেবে বালুকণা ট্রেডার্স ,ঢাকা ও এ্যালিগেন্ট ট্রেড গার্ডেন, ঢাকা কে যথাক্রমে ৩৩.০৪.০০০০.১২৪.০৭.৮৫৬.১৮-৭৫১ তারিখঃ ২৯/১১/২০২২ ও ৩৩.০৪.০০০০.১২৪.০৭.৮৫৬.১৮-৭৫০ তারিখঃ ২৯/১১/২০২২ এর মাধ্যমে ০২ (দুই) টি কার্যাদেশ প্রদান করা হয়। নিরীক্ষাকালীন সময়ে বাস্তব যাচাইকালে দেখা যায় বাসা ০২ টি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে এবং বাসাটিতে কোন এ্যালোটি বসবাস করছে না। এমনকি উভয় কক্ষের সম্মুখ দরজায় তালা লাগানো আছে। এতে প্রতীয়মান হয় যে, শুধুমাত্র ডিপিপিতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের উদ্দেশ্যে নাম মাত্র কার্যসম্পাদন করে বিল পরিশোধ করা হয়েছে। জিএফআর এর বিধি ১০ অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন। উক্ত ক্ষেত্রে উক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে ১৫,৯০,০০০/- অনিয়মিত ব্যয় করা হয়েছে।

অনিয়মের কারণ :

জিএফআর এর বিধি ১০ লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

মেরামতকৃত ভবনটি তালাবদ্ধ পাওয়া গেলেও এগুলোতে সম্প্রতি বরাদ্দ বাতিল করা হয়েছে। বাসা বরাদ্দের জন্য উপযুক্ত কর্মকর্তার সংখ্যা বরাদ্দযোগ্য বাসার চেয়ে কম বিধায় বাসাসমূহ তালাবদ্ধ।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তিতে সহায়ক নয়। কারণ, প্রয়োজন না থাকা স্বত্ত্বেও শুধু ডিপিপিতে বরাদ্দকৃত অর্থ খরচের নিমিত্তে মেরামত কার্য সম্পাদন কার হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

প্রয়োজন না থাকা সত্ত্বেও ভবন মেরামত করার দায়-দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ৫

শিরোনাম : আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে প্রদান না করে ঠিকাদারের নামে প্রদান করায় অনিয়মিত ব্যয় ১৯,৩৯,২০০/- (উনিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত টাকা) ।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট(বিএফআরআই) ময়মনসিংহ এর নিয়ন্ত্রনাধীন চিংড়ি গবেষণা কেন্দ্র,বাগেরহাট এর ২০২২- ২০২৩ অর্থ বছরে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে প্রদান না করে ঠিকাদারের নামে অনিয়মিতভাবে ১৯,৩৯,২০০/- (উনিশ লক্ষ উনচল্লিশ হাজার দুইশত টাকা) পরিশোধ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় আউটসোর্সিং সংক্রান্ত নথি ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) ময়মনসিংহ কর্তৃপক্ষ প্রাইড সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ এর সাথে আউটসোর্সিং জনবল সরবরাহের চুক্তি সম্পাদন করেন। নিয়োগকৃত আউটসোর্সিং জনবলের মধ্যে ১০ জন (০১ জন কুক,০৩ জন ল্যাব এ্যাটেনডেন্ট ,০১ জন ডরমেটরী এ্যাটেনডেন্ট,০২ জন এমএলএসএস,০২ জন নিরাপত্তা প্রহরী ও ০১ জন সুইপার) চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাটে নিয়োজিত আছে। চুক্তি অনুযায়ী চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট কর্তৃপক্ষ ২০২২-২০২৩ অর্থবছরে নিয়োগকৃত ১০ জনের আউট সোর্সিং সেবামূল্য বাবদ ১২ টি বিলের মাধ্যমে আউটসোর্সিং ঠিকাদার প্রাইড সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ কে মোট ১৯,৩৯,২০০/- পরিশোধ করা হয়েছে।

অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১. ২০১৯-২৫৯, তারিখ:১০/০৬/২০১৯ এর ৪(১) অনুচ্ছেদের বিধান অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে। আউটসোর্সিং প্রক্রিয়ায় কর্মচারীর ব্যাংক হিসাবে Account Payee Cheque/ইএফটি অ্যাডভাইসের মাধ্যমে কর্মচারীর সেবামূল্য কর্মচারী প্রাপ্য এবং কমিশনের অর্থ সেবা সরবরাহকারী ঠিকাদার প্রাপ্য। এক্ষেত্রে কর্মচারীর বেতন এবং ঠিকাদারের কমিশন বাবদ সমুদয় অর্থ আউটসোর্সিং সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান প্রাইড সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ এর নামে অনিয়মিতভাবে ১৯,৩৯,২০০/- পরিশোধ করা হয়েছে।

অনিয়মের কারণ :

অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১. ২০১৯-২৫৯, তারিখ:১০/০৬/২০১৯ এর ৪(১) অনুচ্ছেদের লঙ্ঘন ।

অডিট প্রতিষ্ঠানের জবাব :

২০২২-২৩ অর্থবছরে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত ১০ জন কর্মচারীর সেবামূল্য বাবদ প্রয়োজনীয় অর্থ ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদান করা হয়। ঠিকাদার প্রতিষ্ঠান কর্মচারীদের স্ব-স্ব হিসাবে উক্ত টাকা স্থানান্তর করে। প্রমাণকসহ পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রনম্বর-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯,তারিখ:১০/০৬/২০১৯ এর ৪(১) অনুচ্ছেদের বিধান অনুযায়ী আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে পরিশোধযোগ্য।

নিরীক্ষার সুপারিশ :

আপত্তিকৃত অর্থ সেবা প্রদানকারীদের নিজ নামীয় হিসাবে প্রেরণ করার প্রমাণকসহ জবাব প্রেরণ এবং ভবিষ্যতে এ ধরণের অনিয়ম না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ৬

**শিরোনাম :** প্রয়োজন না থাকা সত্ত্বেও যন্ত্রপাতি ক্রয় করে স্টোর রুমে ফেলে রাখায় সরকারি অর্থের অপচয় ১০,০৭,২০০/- (দশ লক্ষ সাত হাজার দুইশত টাকা) ।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), কক্সবাজার এর আওতাধীন সামুদ্রিক মৎস্য গবেষণা জোড়দারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে প্রয়োজন না থাকা সত্ত্বেও যন্ত্রপাতি ক্রয় করে স্টোর রুমে ফেলে রাখায় ১০,০৭,২০০/- সরকারি অর্থের অপচয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রকল্পের ক্যাশবুক, বিল ভাউচার, যন্ত্রপাতি ক্রয়ের টেন্ডার ডকুমেন্ট ইত্যাদি যাচাই করে দেখা যায় ডিপিপিতে বাজেট বরাদ্দ থাকায় ই-জিপি এর মাধ্যমে যন্ত্রপাতি ক্রয়ের জন্য টেন্ডার আহবান করায় রেসপনসিভ সর্বনিম্ন দরদাতা হিসেবে সানজিদা ট্রেডিং কোম্পানীকে ক্রয়ের কার্যাদেশ প্রদান করে পরিশিষ্টে বর্ণিত বিল গুলো পরিশোধ করা হয়। বিলে উল্লিখিত মালামালগুলো নিরীক্ষাকালে দেখা যায় (১) Fish egg Counter, (২) Salt testing Kit, (৩) Scuba Diving Equipment মালামালগুলো নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণকারী কমিটি কর্তৃক গ্রহণ করা হয়। বাস্তব যাচাইয়ে দেখা যায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ বাক্সবন্দি অবস্থায় স্টোর রুমে ফেলে রাখা হয়েছে। অর্থাৎ যন্ত্রপাতিসমূহ এখনো স্থাপন ও ব্যবহার করা হচ্ছে না বিধায় মালামালের গুনগত মান নষ্ট হয়ে যাচ্ছে। দীর্ঘদিন ব্যবহার ছাড়া মালামাল ফেলে রাখলে তার কার্যক্ষমতা নষ্ট হয়ে যায়। জিএফআর ১০(২) অনুযায়ী দৃশ্যত প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় সমীচীন নয়। আলোচ্য ক্ষেত্রে প্রয়োজন না থাকা সত্ত্বেও মূল্যবান যন্ত্রপাতিসমূহ ক্রয় করে সরকারি ১০,০৭,২০০/- টাকা অপচয় করা হয়েছে (বিস্তারিত পরিশিষ্টে) ।

**অনিয়মের কারণ :**

জিএফআর ১০(২) লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী যন্ত্রপাতি ক্রয় করে বিএফআরআই এর সামদ্রিক কেন্দ্রে হস্তান্তর করা হয়েছে। ব্যবহারের দায়-দ্বায়িত্ব প্রকল্প পরিচালকের নয় বিধায় আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তিতে সহায়ক নয়। কারণ, প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী যন্ত্রপাতি ক্রয় করা হলেও যথাযথভাবে ব্যবহার না করায় সরকারি অর্থের অপচয় হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :**

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক ।

অনুচ্ছেদ নম্বর : ৭

**শিরোনাম :** প্রাপ্য না হওয়া স্বত্ত্বেও প্রাপ্যতা বিহীন অতিরিক্ত বেতন প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি ৫৭১১৪০ /- ( পাঁচ লক্ষ বাহাত্তর হাজার একশত চল্লিশ) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট , ময়মনসিংহ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে প্রাপ্য না হওয়া স্বত্ত্বেও প্রাপ্যতা বিহীন অতিরিক্ত বেতন প্রদান করায় সরকারের ৫৭১১৪০/- আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের কর্মকর্তাদের ব্যক্তিগত নথি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব এইচ এম রাকিবুল ইসলাম , জনাব এহসানুল করিম বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ০২.০৫.২০১০ খ্রি. তারিখে যোগদান করেন। উক্ত কর্মকর্তাদের ০২.০৫.১৪ খ্রি. তারিখে সিলেকশন গ্রেড প্রদানকালে প্রাপ্য বেতনের সাথে অনিয়মিতভাবে ২টি টিপি(টেকনিক্যাল পে) যুক্ত করে বেতন প্রদান করা হয়েছে যা জাতীয় বেতন স্কেল ২০০৯ এর সুস্পষ্ট লঙ্ঘন। ফলে ০২.০৫.১৪ হতে ২৩.০৫.১৬ পর্যন্ত সময়ে উক্ত কর্মকর্তাদের অতিরিক্ত প্রদত্ত বেতন,উৎসব ভাতা ও সিপিএফ এ অফিস কন্ট্রিবিউশন খাতে ১৯৮০৪০ টাকা অতিরিক্ত প্রদান করা হয়েছে।

জনাব জান্নাতুল ফেরদৌস ঝুমা, জনসংযোগ কর্মকর্তা ০১-০১-২০১৫ তারিখে চাকরিতে যোগদান করেন। জাতীয় বেতন ভাতাদি আদেশ-২০১৫ এর অধিকতর সংশোধন আদেশ এস আর ও নং১০৫-আইন/২০১৬ তারিখ ২০ এপ্রিল,২০১৬ এর মাধ্যমে অনুচ্ছে ১১ এর উপ অনুচ্ছেদ (৪) এর পরিবর্তে নিম্নরুপ প্রতিস্থাপিত হয়:-

“ (৪) জাতীয় বেতন স্কেল,২০১৫ কার্যকর হইবার তারিখ হতে স্ব-শাসিত প্রতিষ্ঠানসমুহে ৯ম গ্রেডে নিয়োগ সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডে একটি অতিরিক্ত অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধাসহ বেতন নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হবে (২২০০০+১১০০)=২৩১০০ টাকা;”

জাতীয় বেতন স্কেল,২০১৫ কার্যকর হবার পূর্বেই তিনি ০১-০১-২০১৫ তারিখে ৯ম গ্রেডে যোগদান করলেও তাঁকে অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রদান করে ০১-০৭-২০১৫ তারিখ হতে বেতন প্রদান করায় সরকারের ৩,৭৩,৯০০/- ক্ষতি হয়েছে।

ফলে প্রাপ্য না হওয়া স্বত্ত্বেও প্রাপ্যতা বিহীন অতিরিক্ত বেতন প্রদান করায় ১৯৮০৪০+৩৭৩জ৯০০= ৫৭১১৪০/- সরকারের আর্থিক ক্ষতি হয়েছে যা সংশ্লিষ্ঠদের নিকট হতে আদায়যোগ্য।

অনিয়মের কারণ :

জাতীয় বেতন স্কেল ২০০৯ ও জাতীয় বেতন ভাতাদি আদেশ-২০১৫ এর অধিকতর সংশোধন আদেশ এস আর ও নং১০৫-আইন/২০১৬ তারিখ ২০ এপ্রিল,২০১৬ এর মাধ্যমে অনুচ্ছেদ ১১ এর উপ অনুচ্ছেদ (৪) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

গবেষণা প্রতিষ্ঠান হিসেবে কর্মরতদের টেকনিক্যাল বেতন বৃদ্ধি প্রদান করা হয়েছে। এছাড়া জাতীয় বেতন ভাতাদি সংশোধনী আদেশের প্রেক্ষিতে জনসংযোগ কর্মকর্তাকে অতিরিক্ত বার্ষিক বেতন বৃদ্ধি প্রদান করা হয়েছে। এক্ষেত্রে কোন অনিয়ম হয়নি।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা সিলেকশন গ্রেড প্রদানকালে প্রাপ্য বেতনের সাথে অনিয়মিতভাবে ২টি টিপি (টেকনিক্যাল পে) যুক্ত করে বেতন প্রদান করা হয়েছে যা জাতীয় বেতন স্কেল ২০০৯ এর সুস্পষ্ট লঙ্ঘন।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত টাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ৮

**শিরোনাম** : অতিরিক্ত ব্যয় দেখিয়ে ব্যয়ের রিপোর্ট প্রদান করা এবং মালামাল ক্রয় না করেই কার্যাদেশ প্রদানের মাধ্যমে সংস্থার হিসেবে অর্থ ধরে রাখায় সরকারের আর্থিক ক্ষতি ৮,২২,২৩০/-(আট লক্ষ বাইশ হাজার দুইশত ত্রিশ) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়,ময়মনসিংহ এর ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে অতিরিক্ত ব্যয় দেখিয়ে ব্যয়ের রিপোর্ট প্রদান করা এবং মালামাল ক্রয় না করেই কার্যাদেশ প্রদানের মাধ্যমে সংস্থার হিসেবে অর্থ ধরে রাখায় সরকারের আর্থিক ক্ষতি ৮,২২,২৩০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বিল ভাউচার, ল্যাব ইকুইপমেন্ট ক্রয় নথি ,ক্যাশ বই ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক ব্যয় হিসাব বিবরণীতে সদর দপ্তরের মোট ব্যয় প্রদর্শন করা হয়েছে ১৪,২০,৮৪,৩১৮ টাকা। অপরদিকে ক্যাশ বহিতে ৮,২২,২৩০/- টাকা ব্যালান্স প্রদর্শিত হচ্ছে। অর্থবছর সমাপনান্তে অব্যয়িত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দেবার পর ক্যাশ বহিতে শুণ্য ব্যালান্স প্রদর্শিত হবে।

সংস্থার ১৪.০৬.২৩ খ্রি. তারিখের কার্যাদেশের মাধ্যমে Overhead HT Line and LT distribution line ক্রয়ের জন্য মেসার্স নোবানা এন্টারপ্রাইজ কে ৩,৫১,০১৪ টাকার কার্যাদেশ এবং ১৫.০৬.২৩ তারিখের কার্যাদেশের মাধ্যমে মেসার্স এ আর খান এন্ড সন্স কে ৪,৭৪,০০০ টাকার ল্যাব যন্ত্রপাতি ক্রয়ের কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত দুইটি কার্যাদেশই আরএফকিউ দরপ্রস্তাবের মাধ্যমে প্রদান করা হয়। যা অদ্যাবধি কার্য সম্পাদন হয়নি ও বিল দাখিল করা হয়নি। ফলে ক্যাশ বহিতে ব্যলান্স রয়েছে ৮,২২,২৩০/- আবার সংস্থার ব্যয়ের রিপোর্টে সদর দফতরের ব্যয় ১৪,২৯,৮৩,৪১৮/- প্রদর্শন করা হয়েছে যার মধ্যে উক্ত ৮,২২,২৩০/- ব্যয়ের বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে। মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার১১মে ২০২৩ তারিখের স্মারক নং ৩৩.০০.০০০০.১০৭.২০.০০৫.২০-৮১ এর শর্তাবলী (গ) অনুযায়ী সকল অব্যয়িত অর্থ ৩০, জুন তারিখে রাষ্ট্রীয় কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে। কিন্তু আর্থিক বিধি পরিপালন না করে কাজ সমাপ্ত না হওয়া সত্ত্বেও ব্যয় দেখিয়ে ভুল ব্যয় হিসাব রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। আবার অব্যয়িত অর্থ ৩০শে জুন ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান না করায় সরকারের ৮,২২,২৩০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ :

মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার ১১মে ২০২৩ তারিখের স্মারক নং ৩৩.০০.০০০০.১০৭.২০.০০৫.২০-৮১ এর শর্তাবলী (গ) লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

ইটি কার্যাদেশের মাধ্যমে গবেষণাগার যন্ত্রপাতি ও বৈদ্যুতিক স্থাপনা মেরামত বাবদ আলোচ্য অর্থ ব্যয় হিসাবে হিসাবভুক্ত করা হয়। ঠিকাদার কর্তৃক কাজটি সম্পন্ন না করায় বিল পরিশোধ করা হয়নি। যা সংস্থার হিসাবে জমা আছে। নিরীক্ষার পরামর্শ পাওয়া গেলে রাষ্ট্রীয় কোষাগারে জমা করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ সকল অব্যয়িত অর্থ ৩০, জুন তারিখে রাষ্ট্রীয় কোষাগারে ফেরৎ প্রদান করা উচিত ছিল।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক এবং অব্যয়িত অর্থ ৩০,জুন তারিখে সরকারি কোষাগারে জমা না করার সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সুপারিশ করা হলো।

অনুচ্ছেদ নম্বর : ৯

**শিরোনাম :** ইনস্টিটিউটের নিজেস্ব আয় ও অনান্য বৈধ উৎস হতে প্রাপ্ত ক্রমপঞ্জিভূত অর্থ প্রতিষ্ঠানের তহবিলে জমা না করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৫৩,৩৭,৮১৯/- ।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর ২০২২-২০২৩ অর্থ বছরে ইনস্টিটিউটের নিজেস্ব আয় ও অনান্য বৈধ উৎস হতে প্রাপ্ত ক্রমপঞ্জিভূত অর্থ প্রতিষ্ঠানের তহবিলে জমা না করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৫৩,৩৭,৮১৯/-টাকা।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ এর ২০২২-২০২৩ অর্থ বছরের ইনস্টিটিউটের নিজস্ব আয় ও অন্যান্য বৈধ উৎস হতে প্রাপ্ত ক্রমপঞ্জিভূত অর্থ জমার স্টেটমেন্ট, ক্যাশবহি, ব্যাংক বিবরণী যাচাই কালে পরিলক্ষিত হয় যে, পরিশিষ্টে বর্ণিত ০৩ টি কেন্দ্রের (নদী কেন্দ্র, চাঁদপুর ; সামদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার; লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা) কর ব্যতিত রাজস্ব আয় (এনটিআর) রেস্ট হাউজ ভাড়া,মৎস্য পোনা,রেণু ও বড় মাছ বিক্রি,নিলাম হতে আয়, গাড়ী/যানবাহন ভাড়া, ফল-ফলাদি বিক্রয়সহ বিবিধ (ক্রমপঞ্জিভূত) আয় বাবদ ৫৩,৩৭,৮১৯/- টাকা বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর তহবিলে জমা করা হয়নি। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন,২০১৮ এর ১৩ ধারার উপধারা-(১) আনুযায়ী ইনস্টিটিউটের একটি তহবিল থাকবে এবং এতে নিম্নবর্ণিত উৎস হতে অর্থ জমা হবে (ক) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী বা অনুদান; (খ) গবেষণা স্বত্ব ও সেবা বা গবেষণা উদ্যোগ হতে প্রাপ্ত আয়সহ ইনস্টিটিউটের নিজস্বআয়; (গ) সরকারের পূর্বা অনুমোদনক্রমে, দেশি বা বিদেশি সংস্থা বা কোনো বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক অনুদান বা সহায্য; (ঘ) ইনসিটিটিউটের অর্থ বিনিয়োগ হতে প্রাপ্ত অর্থ বা উহার সম্পদ হতে প্রাপ্ত অর্থ; (ঙ) কোনো ব্যক্তি, সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান; এবং (চ) অন্য কোনো বৈধ উৎস হতে প্রাপ্ত অর্থ। কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন না করে বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত অর্থ উল্লেখিত তহবিলে জমা প্রদান না করায় প্রতিষ্ঠানের ৫৩,৩৭,৮১৯/- আর্থিক ক্ষতি সাধন করা হয়েছে।

**অনিয়মের কারণ :** বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন,২০১৮ এর ১৩ ধারার উপধারা-(১) এর নিয়ম লংঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

নিরীক্ষা পর্যবেক্ষণের পরামর্শ অনুযায়ী কেন্দ্রের আয়ের অর্থ ইনস্টিটিউটের তহবিলে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। জমা পাওয়া গেলে নিরীক্ষাকে অবহিত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন,২০১৮ এর ১৩ ধারার উপধারা-(১) অনুযায়ী ইনস্টিটিউটের একটি তহবিল থাকবে এবং এতে নিম্নবর্ণিত উৎস হতে অর্থ জমা হবে (ক-চ এ বর্ণিত)। এছাড়াও সকল অব্যয়িত অর্থ ৩০, জুন তারিখে রাষ্ট্রীয় কোষাগারে ফেরৎ প্রদান করা উচিত ছিল।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত অর্থ সংস্থার তহবিলে জমা করা আবশ্যক এবং অব্যয়িত অর্থ ৩০,জুন তারিখে সংস্থার তহবিলে জমা না করার সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হলো।

অনুচ্ছেদ নম্বর : ১০

শিরোনাম : প্রয়োজন না থাকা সত্ত্বেও পিপিআর-২০০৮ এর বিধি লংঘন করে রাসায়নিক দ্রব্যাদি ক্রয় বাবদ বিল পরিশোধ করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি ৪,৮৬,৬৯৮ ( চার লক্ষ ছিয়াশি হাজার ছয়শত আটানব্বই) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহের সদর দপ্তর কার্যালয়ের ২০২২- ২০২৩ অর্থ বছরে প্রয়োজন না থাকা সত্ত্বেও পিপিআর-২০০৮ এর বিধি লংঘন করে রাসয়নিক দ্রব্যাদি ক্রয় বাবদ বিল পরিশোধ করায় প্রতিষ্ঠানের ৪,৮৬,৬৯৮ টাকার আর্থিক ক্ষতি সাধন করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহের সদর দপ্তর কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের ক্যাশবহি, রাসয়নিক দ্রব্যাদি ক্রয়ের বিল-ভাউচার যাচাই কালে পরিলক্ষিত হয় যে, সদর দপ্তরের প্রয়োজন না থাকা সত্ত্বেও Purchase of chemicals at HQ BFRI, Mymensingh এর বিল বাবদ ৪,৮৬,৬৯৮/- সরবরাহকারী মেসার্স এ.আর.খান এন্ড সন্স কে বিল নং-৫০২, তারিখঃ ১৮/০৪/২০২৩ খ্রি. এর মাধ্যমে পরিশোধ করা হয়। PE এর নির্দিষ্ট ও পছন্দের সরবরাহকারীকে কাজটি দেয়ার জন্য Purchase of chemicals এর টেকনিক্যাল স্পেসিফিকেশনে Trade name & Country of origin উল্লেখ করা হয়। পিপিআর-২০০৮ এর বিধি ২৯ উপবিধি (৩) আনুযায়ী কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক বা পণ্যের ব্যবসায়িক নাম (trade name), পেটেন্ট, নকশা বা ধরন, নির্দিষ্ট উৎস দেশের নাম (country of origin), উৎপাদনকারী বা সেবা সরবরাহকারী নাম নির্দিষ্টভাবে উল্লেখ করা যাইবে না। কিন্তু আলোচ্য ক্ষেত্রে বিধি লংঘন করে অত্র দপ্তরের প্রয়োজন না থাকা সত্ত্বেও রাসয়নিক দ্রব্যাদি ক্রয় করায় প্রতিষ্ঠানের ৪,৮৬,৬৯৮/- টাকার আর্থিক ক্ষতি করা হয়েছে। (বিস্তারিত পরিশিষ্ট- )

অনিয়মের কারণ :

পিপিআর-২০০৮ এর বিধি ২৯ উপবিধি (৩) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

রাসায়নিক দ্রব্যাদি ক্রয় খাতে বাজেট সীমিত থাকায় সকল কেন্দ্র /উপকেন্দ্রে বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি, কেন্দ্র উপকেন্দ্র হতে চাহিদা নিয়ে সদর দপ্তর হতে ক্রয় করে চাহিদানুযায়ী কেন্দ্র উপকেন্দ্রে প্রেরণ করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি লংঘন করা হয়নি বা আর্থিক ক্ষতি হয়নি।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক বা পণ্যের ব্যবসায়িক নাম (trade name),পেটেন্ট, নকশা বা ধরন, নির্দিষ্ট উৎস দেশের নাম (country of origin), উৎপাদনকারী বা সেবা সরবরাহকারী নাম নির্দিষ্টভাবে উল্লেখ করা যাইবে না এবং রাসয়নিক দ্রব্যাদি দপ্তরের প্রয়োজন না থাকা সত্ত্বেও ক্রয় কাজ সম্পন্ন করা হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

অনিয়মিতভাবে ক্রয়কার্যের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১১

**শিরোনাম :** ডিপিপি অনুযায়ী আসবাবপত্র ক্রয় করা হলেও সরবরাহকারী কর্তৃক নিম্নমানের আসবাবপত্র সরবরাহ করায় অনিয়মিত ব্যয় ৫,৫৯,৮০০/-(পাঁচ লক্ষ উনষাট হাজার আটশত) টাকা

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), কক্সবাজার এর আওতাধীন সামুদ্রিক মৎস্য গবেষণা জোড়দারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ডিপিপি অনুযায়ী আসবাবপত্র ক্রয় করা হলেও সরবরাহকারী কর্তৃক নিম্নমানের আসবাবপত্র সরবরাহ করায় ৫,৫৯,৮০০/- নিয়মিত ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় উক্ত প্রকল্পের আসবাবপত্র খাতের বিল/ভাউচার, ক্যাশ বুক, অন্যান্য নথি নিরীক্ষাকালে দেখা যায় ডিপিপিতে বরাদ্দ থাকায় ২০২২-২০২৩ অর্থবছরে eGP portal ব্যবহার করে OTM পদ্ধতির মাধ্যমে সর্বনিম্ন দরদাতা হিসেবে গোধুলি এন্টার প্রাইজ, ঢাকা কে আসবাবপত্র সরবরাহ করার জন্য NOA ইস্যু করা হয়। কার্যাদেশ অনুযায়ী গোধুলী এন্টার প্রাইজ ,ঢাকা কর্তৃক আসবাবপত্র গুলো সরবরাহ করেন। বাস্তব যাচাইকালে আসবাবপত্র গুলো খুবই নিম্নমানের প্রতীয়মান হয়। ৬০ টি কনফারেন্স চেয়ার এর ক্ষেত্রে দেখা যায় চেয়ার গুলো নিম্ন মানের এবং ইতোমধ্যে মরিচা ধরে গেছে। তাছাড়া ০১ টি ডাইনিং টেবিল, ০২ টি অফিস এক্সিকিউটিভ টেবিল ও ০২ টি অফিস এক্সিকিউটিভ চেয়ারও নিম্ন মানের পাওয়া গেছে। জিএফআর এর বিধি ১০ অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করবেন। উক্ত ক্ষেত্রে উক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে ৫,৫৯,৮০০/- অনিয়মিত ব্যয় করা হয়েছে।

অনিয়মের কারণ :

জিএফআর এর বিধি ১০ লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

উত্থাপিত আপত্তির আলোকে জানানো যাচ্ছে যে, ক্রয়কৃত আসবাবপত্রসমূহ প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত বরাদ্দের মধ্যে বাজার দর যাচাই করে সর্বনিম্ন দরে ক্রয় করা হয়েছে। ক্রয়ের পর আসবাবপত্র গুলো বর্তমানে বিএফআরআই এর সামদ্রিক কেন্দ্রে ব্যবহার হচ্ছে । এইসব আসবাবপত্র যথাযথভাবে সংরক্ষণের দায়িত্ব ব্যবহারকারী কর্তৃপক্ষের । কক্সবাজারের আবহাওয়াতে লবণের পরিমান বেশি হওয়ায় কিছু কিছু আসবাবপত্রে মরিচা দেখা দিয়েছে যা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করা হলো।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ প্রকল্পটি শেষ হওয়ার পর উক্ত ভবনের পর্যাপ্ত জনবল নিয়োগ না দেওয়ার কারনে ক্রয়কৃত আসবাবপত্রগুলো নতুন অবস্থায় পাওয়া গেছে খুব বেশি ব্যবহার হয়নি কিন্তু আসবাবপত্র গুলো নিম্ন মানের হওয়ায় ব্যবহার না করা সত্বেও মরিচা ধরে গেছে।

নিরীক্ষার সুপারিশ :

দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক নিম্নমানের আসবাবপত্র ক্রয়ের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১২

**শিরোনাম :** জলযান মেরামত খাতে আর্থিক ক্ষমতা অতিরিক্ত ব্যয় করায় অনিয়মিত ব্যয় ৭০,০০০/- (সত্তর হাজার টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন "নদী উপকেন্দ্র,খেপুপাড়া" এর ২০২২-২৩ অর্থবছরে হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে জলযান মেরামত খাতে আর্থিক ক্ষমতা অতিরিক্ত ব্যয় করায় অনিয়মিত ব্যয় ৭০,০০০/- অনিয়মিত ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ,জলযান মেরামত বিল পর্যালোচনায় দেখা যায় যে, নদী উপকেন্দ্র,খেপুপাড়া" এ ১টি স্পীড বোট রয়েছে। উক্ত স্পীড বোড মেরামতে উপকেন্দ্র কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরে ১,০০,০০০ টাকা ব্যয় করা হয়েছে।

আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ নং০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) তারিখ-১৬-০৮-২০১৫ খ্রি. এর অনুন্নয়ন বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতা ক্রমিক-১০(খ) এর বিধান অনুযায়ী বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে বছরে একটি জলযান মেরামতের জন্য জেলা পর্যায়ের অফিস হিসেবে বছরে ৩০,০০০ টাকা খরচ করার আর্থিক ক্ষমতা রয়েছে । কিন্তু আলোচ্য ক্ষেত্রে উক্ত আদেশ লঙ্ঘন করে জলযান মেরামত বাবদ আর্থিক ক্ষমতা অতিরিক্ত (১,০০,০০০-৩০,০০০)=৭০,০০০/- ব্যয় করা হয়েছে।

অনিয়মের কারণ :

আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) তারিখ-১৬-০৮-২০১৫ খ্রি.এর অনুন্নয়ন বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতা ক্রমিক-১০(খ) এর বিধান লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

মহাপরিচালক অনুমোদন নিয়ে দুটি জলযান মেরামত বাবদ ব্যয় করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের আর্থিক ক্ষমতা ৭৫০০০/- ।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, নদী উপকেন্দ্র,খেপুপাড়া অফিস প্রধানের আর্থিক ক্ষমতা ৩০০০০/- টাকা বিধায় জলযান মেরামত বাবদ অতিরিক্ত ৭০০০০/- ব্যয় করার সুযোগ নাই।

নিরীক্ষার সুপারিশ :

সিলিং অতিরিক্ত ব্যয়ের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১৩

**শিরোনাম :** আবাসিক কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আদায়কৃত বিদ্যুৎ বিল সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি ৭২,২৮৬/- (বাহাত্তর হাজার দুইশত ছিয়াশি) টাকা।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহ এর নিয়ন্ত্রনাধীন চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট এর ২০২২-২০২৩ অর্থবছরে আবাসিক কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আদায়কৃত বিদ্যুৎ বিল সরকারি কোষাগারে জমা না করায় সরকারের ৭২,২৮৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে আদায় রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে চিংড়ি গবেষণা কেন্দ্র বাগেরহাটে আবাসিক কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে জুলাই/২০২২ হতে জুন/২০২৩ খ্রি. পযন্ত ১২ মাসে ১০ টি সাবমিটার হতে মোট ৭২,২৮৬/- টাকা আদায় করা হলেও তা সরকারি কোষাগারে জমা করা হয়নি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৪(২) অনুচ্ছেদের বিধান অনুযায়ী সংযুক্ত তহবিলে জমাকৃত অর্থ ব্যতীত সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত সকল অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হবে। আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধি পরিপালন না করে বিদ্যুৎ বাবদ ২০২২-২০২৩ অর্থবছরে প্রাপ্ত টাকা অদ্যাবধি সরকারি কোষাগারে জমা না করে গবেষণা কেন্দ্রের কোষাগারে জমা রাখা হয়েছে, যা সরকারের ৭২,২৮৬/- টাকা আর্থিক ক্ষতি।

**অনিয়মের কারণ :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৪(২) অনুচ্ছেদের লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

আবাসিক কোয়াটারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আদায়কৃত ২০২২-২৩ অর্থবছরে প্রাপ্ত অর্থ অত্র কেন্দ্রের কেন্দ্র প্রধান মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার বিদ্যুৎ বিলের হিসাবে জমা আছে। উক্ত আপত্তির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উক্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক প্রমাণকসহ পরবর্তীতে জবাব প্রদান করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব স্বীকৃতিমূলক। কারণ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৪(২) অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে আদায়কৃত বিদুৎ বিল সরকারি কোষাগারে জমা করা সমীচীন।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তির সাথে জড়িত অর্থ সরকারি কোষাগারে জম করতঃ প্রমাণকসহ জবাব প্রেরণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর : ১৪**

**শিরোনাম :** এয়ার মার্ক বাসায় অবস্থান না করে খালি ফেলে রাখায় সরকারের ৭৫,৯৩৬ টাকা (পঁচাত্তর হাজার নয়শত ছত্রিশ) আর্থিক ক্ষতি হয়েছে।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন "সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্র,কক্সবাজার" এর ২০২২-২৩ অর্থবছরে হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, এয়ার মার্ক বাসায় অবস্থান না করে খালি ফেলে রাখায় সরকারের ৭৫,৯৩৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ,বাসা ভাড়া কর্তন এবং বেতন বিল পর্যালোচনায় দেখা যায় যে, সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্র,কক্সবাজার এর কেন্দ্র প্রধান এর জন্য এয়ার মার্ককৃত একটি বাসা রয়েছে। কেন্দ্রের ৭তলা বিশিষ্ট প্রশাসনিক ও গবেষণাগার ভবন নির্মায়মান থাকায় কেন্দ্র প্রধান এর জন্য নির্ধারিত ভবনটি অফিস হিসেবে ব্যবহৃত হয়েছে। গত ২২.০২.২০২৩ খ্রি. তারিখ ৭তলা বিশিষ্ট প্রশাসনিক ও গবেষণাগার ভবন উদ্বোধন ও অফিস উক্ত মাসে স্থানান্তর হয়। অফিস স্থানান্তর হওয়ায় মার্চ/২৩ মাস হতে কেন্দ্র প্রধান এর জন্য নির্ধারিত ভবনটি অব্যবহৃত ও খালি অবস্থায় পড়ে রয়েছে। কেন্দ্র প্রধান জনাব ড. শফিকুর রহমান , প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মার্চ/২৩ হতে জুন/২৩ মাস (১ মাস বাসায় অবস্থানের জন্য সময় ধরলে) পর্যন্ত ৩ মাস খালি ফেলে রাখায় সংস্থার তথা সরকারের ২৫৩১২*৩=৭৫৯৩৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। Bangladesh Allocation Rules, 1982 (FR-45 ) মোতাবেক যে সকল কর্মকর্তাদের নামে সরকারি বাড়ি বরাদ্ধ রয়েছে তারা বরাদ্ধকৃত বাড়িতে বসবাস না করলেও বাড়ি ভাড়া ভাতা পাবেন না। আবার এয়ারমার্ককৃত বাসায় অবস্থান না করে সংস্থার অন্য কেন্দ্রের বাড়ী এ্যালট নেয়ার কারণে জিএফআর ১০-১২ অনুসরণ করে আর্থিক যথার্থতার মানদন্ড প্রতিফলিত হয়নি। ফলে সিএসও এর এয়ার মার্ক বাসায় না থেকে বাড়ীভাড়া উত্তোলন করায় সরকারের ৭৫,৯৩৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। বিস্তারিত পরিশিষ্ঠ দ্রষ্টব্য।

অনিয়মের কারণ :

Bangladesh Allocation Rules, 1982 (FR-45 ) এর লংঘন এবং জিএফআর ১০-১২ লংঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সামুদ্রিক কেন্দ্র ৭ তলা ভবন ( প্রশাসনিক ও গবেষণা ভবন) নির্মানাধীন থাকায় কেন্দ্রের প্রশাসনিক ও গবেষণা কার্যক্রম এ টাইপ অর্থাৎ এয়ার মার্ক বাসা হতে পরিচালিত হতো। ৭ তলা ভবনটির নির্মান কাজ শেষে প্রশাসনিক কার্যক্রম এ টাইপ ভবন হতে ৭ তলা নতুন ভবনে স্থানান্তর করা হয়। স্থানান্তরের পর বাসাটি মেরামত করে বসবাসের উপযোগী কেন্দ্র প্রধানের নামে বরাদ্দ প্রদান করা হয়।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ ৭তলা নতুন ভবন ফেব্রুয়ারী/২৩ মাসে উদ্বোধন করা হয়েছে এবং এতদসত্ত্বেও মার্চ/২৩ মাস বাদ দিয়ে নিরীক্ষা আপত্তি উত্থাপন করা হয়েছে। কেন্দ্র প্রধান এয়ার মার্ককৃত বাড়িতে বসবাস না করলেও বাড়ি ভাড়া ভাতা পাবেন না।

**নিরীক্ষার সুপারিশ :** আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

নিরীক্ষার সুপারিশ : আপত্তিকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১৫
শিরোনাম : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অমান্য করে বিল থেকে নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ১০,৩২০/- (দশ হাজার তিনশত বিশ) টাকা ।
বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), কক্সবাজার এর আওতাধীন সামুদ্রিক মৎস্য গবেষণা জোড়দারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে বিল থেকে নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের ১০,৩২০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), কক্সবাজারের এর আওতাধীন সামুদ্রিক মৎস্য গবেষণা জোড়দারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর ব্যয় বিবরণী, বরাদ্দপত্র, ক্রয় সংক্রান্ত নথি ও বিল ভাউচার পর্যালোচনায় দেখা যায় ৪১১২৩১৬-গবেষণা ও যন্ত্রপাতি কোডে ডিপিপি অনুযায়ী eGp portal ব্যবহার করে OTM পদ্ধতির মাধ্যমে সর্বনিম্ন দরদাতা হিসেবে সানজিদা ট্রেডিং কোম্পানী, ২৭ শহীদ নজরুল ইসলাম রোড,হাটখোল, ঢাকা এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। বিল নং-৯৩, তারিখঃ ২৯/১২/২০২২ খ্রি. পরিশোধের ক্ষেত্রে আয়কর কর্তনের ক্ষেত্রে ৭% হারে আয়করের বিধান থাকলেও ৫% হারে কর্তন করায় (৩৬১২০-২৫৮০০)=১০,৩২০/- আয়কর কম কর্তন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধার ৫২ ও বিধি ১৬ অনুযায়ী পন্য সরবরাহ বিল এর ক্ষেত্রে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত ৩%, ৫০,০০,০০১/- হতে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ৫%, ১,০০,০০,০০০/- টাকার উর্ধ্বে ৭% হারে আয়কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধির ব্যত্যয় ঘটিয়ে ১০,৩২০/- টাকা আয়কর কম কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

কিন্তু এক্ষেত্রে উক্ত বিধানের ব্যত্যয় ঘটিয়ে প্রযোজ্য হার মোতাবেক আয়কর কর্তন না করায় সরকারের ১০,৩২০/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

অনিয়মের কারণ : আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২ ও বিধি ১৬ লঙ্ঘন।
অডিটি প্রতিষ্ঠানের জবাব :

যাচাই-বাচাই করে আপত্তিকৃত আয়কর জমা প্রদান করে প্রমানক সরবরাহ করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব স্বীকৃতিমূল। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধি লঙ্ঘন করে আয়কর কম কর্তন করার সুযোগ নাই। ।

নিরীক্ষার সুপারিশ :

আপত্তির সাথে জড়িত অর্থ সরকারিকোষাগারে জমা করত:প্রমাণকসহ জবাব প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১৬

শিরোনাম : বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ অনুযায়ী আর্থিক বিবরণী ( Financial Statement) এবং বার্ষিক বিবরণী (Annual Statement) প্রস্তুত না করায় আইনের লঙ্ঘন

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ময়মনসিংহ এর ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ অনুযায়ী আর্থিক বিবরণী (Financial Statement) এবং বার্ষিক বিবরণী (Annual Statement) প্রস্তুত না করায় আইনের লঙ্ঘন করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় সংস্থার আয়-ব্যয় বিবরণী, ব্যাংক বিবরণী ও বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ পর্যালোচনায় পরিলিক্ষিত হয় যে, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সরকার হতে প্রতি বছর ৪ কিস্তিতে মঞ্জুরী নিয়ে সংস্থার ব্যয় নির্বাহ করে থাকে এবং সংস্থার আয়ের একটা অংশ বাজেটের সাথে সমন্বয় করা হয়। সংস্থার স্থায়ী সম্পদ হিসেবে ১০টি কেন্দ্র/উপকেন্দ্রে পুকুরে মাছ বিক্রি ও অন্যান্য আয় রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে ইনস্টিটিউট কর্তৃক আর্থিক বিবরণী ( Financial Statement) এবং বার্ষিক বিবরণী (Annual Statement) প্রস্তুত করা হয়নি। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ এর ধারা ১৭(২) অনুযায়ী ইনস্টিটিউট কর্তৃক প্রতিবছর আর্থিক বিবরণী প্রস্তুত করার নির্দেশনা রয়েছে এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ এর ১৮(১) ধারা মোতাবেক ইনস্টিটিউট কর্তৃক প্রতিবছর তদকর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক বিবরণী (Annual Statement) সরকারের নিকট পেশ করবে। আলোচ্য ক্ষেত্রে উক্ত বিধি পরিপালন না করায় আইনের লঙ্ঘন করা হয়েছে।

অনিয়মের কারণ : বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ এর ধারা ১৭(২) এবং ১৮(১) এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক আর্থিক বিবরণী (FINANCIAL STATEMENT) এবং বার্ষিক বিবরণী(ANNUAL STATEMENT) প্রস্তুত করার জন্য ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে কার্যক্রম সমাপ্ত করে ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়েছে। সে মোতাবেক নিরীক্ষা কার্যক্রম সমাপ্ত করে নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৮ এর ধারা ১৭(২) অনুযায়ী ইনস্টিটিউট কর্তৃক প্রতিবছর আর্থিক বিবরণী প্রস্তুত করার নির্দেশনা রয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

প্রতি বছর নিরীক্ষায় এ ধরনের আপত্তি উত্থাপন করা হলেও প্রতিষ্ঠান কর্তৃক কোন ব্যবস্থা গ্রহন না করায় এর সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সুপারিশ করা হলো।

**অনুচ্ছেদ নম্বর : ১৭**

**শিরোনাম :** জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৩১৩৬৭/-।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের আওতাধীন "নদী কেন্দ্র, চাঁদপুর এর ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তন করায় ৩১৩৬৭/- সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় যানবাহন মেরামত, জলযান মেরামত, আবাসিক ভবন মেরামত এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত পরিশোধিত বিল-ভাউচার যাচাইকালে দেখা যায় যে, নদী কেন্দ্র, চাঁদপুর পরিশিষ্টে বর্ণিত ৪৮ টি বিলের মাধ্যমে যানবাহন মেরামত, জলযান মেরামত, আবাসিক ভবন মেরামত এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত বাবদ ১২৬৮৬৯০/- পরিশোধ করা হয়। কিন্তু জাতীয় রাজস্ব বোর্ড এর নির্ধারিত হারে আয়কর কর্তন না করে কম হারে আয়কর কর্তন করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.২৪ (অংশ-২).২২ তারিখ: ১৪-০৯-২০২২ খ্রি. মোতাবেক মটরযান মেরামত ও জলযান মেরামত বাবদ ৮% এবং অন্যান্য মেরামত বাবদ ৫% হারে আয়কর কর্তনযোগ্য। পরিশিষ্টে বর্ণিত মেরামত বিল পরিশোধের বিপরীতে কর্তনযোগ্য আয়কর ৬৯৪৮৯ টাকা। নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করা হয়েছে (৬৯৪৮৯ - ৩৮১২২)= ৩১৩৬৭/- ।আলোচ্য ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর আদেশ পরিপালন না করে কম হারে আয়কর কর্তন করায় ৩১৩৬৭/- সরকারের রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণ :**

জাতীয় রাজস্ব বোর্ড এর নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.২৪ (অংশ-২).২২ তারিখ: ১৪-০৯-২০২২ খ্রি. এর লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :**

আবাসিক ভবন মেরামত ,যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামতের ক্ষেত্রে নির্দিষ্ট আয়কর নীতিমালা অনুসরণ না করে মোটরযান ও জলযান মেরামতের নির্ধারিত আয়কর হার ব্যবহার করে আলোচ্য আপত্তিতে উত্তাপন করা হয়েছে। পরবর্তীতে প্রতিটি বিল ওয়ারি ব্যাখ্যা প্রদানপূর্বক জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ জবাব প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ১৮

শিরোনাম : প্রাধিকার বহির্ভূত কর্মকর্তাদের গাড়ী সরবরাহ ও একই কর্মকর্তাদের ২টি করে গাড়ী সরবরাহে অনিয়ম।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, প্রধান কার্যালয়,ময়মনসিংহ এর ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে প্রাধিকার বহির্ভূত কর্মকর্তাদের গাড়ী সরবরাহ ও একই কর্মকর্তাদের ২টি করে গাড়ী সরবরাহ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় ইনস্টিটিউটের যানবাহন বরাদ্দ নথি পর্যালোচনায় দেখা যায়, ইনস্টিটিউটের বাংলাদেশে ঝিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন ও চাষ ব্যবস্থাপনা প্রকল্পের জন্য মিত-এল-২০০ ডাবল কেবিন পিকআপ নম্বর-ময়মনসিংহ-ঠ-১১-০১২৯ প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে ৫১,৩২,৯৫৬/- টাকায় ক্রয় করা হয়।প্রকল্প সমাপনান্তে প্রকল্প পরিচালক সদর দপ্তরে জমা প্রদান করেন। সদর দপ্তর সরকারের পরিবহণ পুলে গাড়িটি জমা প্রদান না করে প্রাধিকারযোগ্য কর্মকর্তা থাকা সত্তেও প্রাধিকার বহির্ভূত কর্মকর্তা জনাব ড. এহসানুল করিমকে একটি ডাবল কেবিন পিকআপ যানবাহণ বরাদ্দ প্রদান করা হয়েছে। আবার ইনস্টিটিউট এর ০৭.১২.২০ তারিখের পত্র অনুযায়ী একই কর্মকর্তাকে একটি মোটরসাইকেল বরাদ্দ প্রদান করা হয়েছে। ফলে একই কর্মকর্তাকে অনিয়মিতভাবে ২টি যানবাহন বরাদ্দ প্রদান করা হয়েছে।

জনাব মো. শহীদুল ইসলাম,মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা(চ.দা.)BARC,NATP Phase-II প্রকল্পের আওতায় ইনস্টিটিউট হতে পরিচালিত Integrated Farming Research and development For Livelihood Improvement in the plain land Eco-system; BFRI Component প্রকল্পের অর্থায়নে প্রকল্প পরিচালক একটি মটর সাইকেল ক্রয় করেন। প্রকল্পটি গত জুন,২০২২ এ সমাপ্ত হলেও অদ্যাবধী গাড়িটি জমা না দিয়ে নিজে ব্যবহার করছেন এবং মাসিক ১৫ লিটার পেট্রোল জ্বালানি গ্রহণ করছেন এবং তার নামে একটি পাজেরো জিপ সার্বক্ষনিক বরাদ্দ রয়েছে। মটরসাইকেলটি জমা প্রদান না করায় এবং নীতিমালা বহির্ভূত দুইটি যানবান ব্যবহার করায় অনিয়মিত ব্যয় করা হয়েছে।

অনিয়মের কারণ : জিএফআর-১২ লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের জবাব :

নিরীক্ষার পরামর্শ মোতাবেক প্রধিকার অনুযায়ী তাদের নিকট হতে গাড়ী ফেরৎ গ্রহণ পূর্বক ইনস্টিটিউটের পরিবহণ পুলে জমা করে নিরীক্ষাকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা প্রধিকার অনুযায়ী একজন কর্মকর্তা একটির অধিক গাড়ী প্রাপ্য না থাকা সত্ত্বেও একজনকে একটির অধিক গাড়ী প্রদান করা হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

প্রধিকার অনুযায়ী তাদের নিকট হতে গাড়ী ফেরৎ/গ্রহণ পূর্বক ইনস্টিটিউটের পরিবহণ পুলে জমা করে বিস্তারিত জবাব প্রদান করা আবশ্যক।

# অংশ-২(খ)

# NON-SFI অনুচ্ছেদ সমূহ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১৯ | চাহিদাপত্র ও পরিমাপ ছাড়াই মেরামত কাজের বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৬,৯৩,১৮১/-(ছয় লক্ষ ত্রিরানব্বই হাজার এক শত একাশি ) টাকা। | ৬৯৩১৮১ |
| ২০ | যথাযথ প্রাক্কলন না করে মাটি ভরাট কাজের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২,১৭,৪২২/- | ২১৭৪২২ |
| ২১ | একই কাজ ২বার দেখিয়ে পূর্ত কাজ করায় এবং নতুন তৈরিকৃত সাব ষ্টেশনে রং দেখিয়ে ব্যয় করায় সরকারের ১,৯৪,৪৮৫ টাকা (এক লক্ষ চুরানব্বই হাজার চারশত পঁচাশি) আর্থিক ক্ষতি। | ১৯৪৪৮৫ |
| ২২ | কেন্দ্রে জ্বালানী বরাদ্দ থাকা সত্ত্বেও কোর প্রকল্পের পিআই কর্তৃক গবেষণা খাতে জ্বালানী ব্যয় ও মেরামত বিল নির্বাহ করায় এবং ল্যাপটপ থাকা সত্ত্বেও নতুন করে ল্যাপটপ ক্রয় করায় অনিয়মিত ব্যয় ৫,৮৬,৩৬৭/-(পাঁচ লক্ষ ছিয়াশি হাজার তিনশত সাতষট্টি) টাকা। | ৫৮৬৩৬৭ |
| ২৩ | লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ায় সংস্থার আর্থিক ক্ষতি ২,৪৬,৬২০/- (দুই লক্ষ ছেচল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা। | ২৪৬৬২০ |
| ২৪ | প্রকল্প সমাপ্ত হওয়ার পরও পিসিআর প্রস্তুত করার নির্দেশনা থাকালেও পিসিআর (Project Completion Report) প্রস্তুত/প্রণয়ন করা হয়নি। | ০ |
| | | |
| | সর্বমোট | ১৯৩৮০৭৫ |

কথায় :উনিশ লক্ষ আটত্রিশ হাজার পঁচাত্তর

অনুচ্ছেদ নম্বর : ১৯

**শিরোনাম** : চাহিদাপত্র ও পরিমাপ ছাড়াই মেরামত কাজের বিল পরিশোধ করায় অনিয়মিত ব্যয় ৬,৯৩,১৮১/-(ছয় লক্ষ ত্রিরানব্বই হাজার এক শত একাশি ) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর নিয়ন্ত্রণাধীন লোনা পানি কেন্দ্র, পাইকগাছা,খুলনা কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে চাহিদাপত্র ও পরিমাপ ছাড়াই মেরামত কাজের বিল পরিশোধ করায় ৬,৯৩,১৮১/- টাকার আর্থিক অনিয়ম সাধিত হয়েছে ।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর নিয়ন্ত্রণাধীন লোনা পানি কেন্দ্র, পাইকগাছা,খুলনার ২০২২-২০২৩ অর্থ বছরের ক্যাশবহি, মেরামত কাজের বিল-ভাউচার যাচাই করে দেখা যায় যে, লোনা পানি কেন্দ্র, পাইকগাছা,খুলনার ৪ টি পুকুর খনন ও মোরামত কাজ এবং Repairing Renovation and Painting Work of A-Type Building At BS,Paikgacha,Khulna কাজের চাহিদাপত্র ও সঠিক পরিমাপ ছাড়াই বিল নং- ২২০, তাং-১৪/০৬/২০২৩ মাধ্যমে ৪,৬৮,১৩৫/- বিল নং- ৮৯, তাং-২২/০২/২০২৩ মাধ্যমে ২,২৫,০৪৬/- মেসার্স রাজু আহম্মেদ,পাইকগাছা পৌরসভা,খুলনা কে চূড়ান্ত বিল বাবদ সর্বমোট ৬,৯৩,১৮১/- টাকা পরিশোধ করা হয়। সিপিডব্লিউ ডি কোডের প্যারা-১০০ অনুযায়ী যে কোন মেরামত কজের স্বপক্ষে প্রত্যাশী সংস্থার চাহিদাপত্র থাকা আবশ্যক এবং সিপিডব্লিউ এ কোডের প্যারা-২০৯ অনুযায়ী যে কোন পূর্ত কাজের বিল পরিশোধের ক্ষেত্রে (পরিমাপ বহি) এম বি তে কার্যের সঠিক মেজারমেন্ট /দৈর্ঘ, প্রস্ত, সংখ্যা,একক দর উল্লেখ পূর্বক বিল পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন না করেই ঠিকাদার মেসার্স রাজু আহম্মেদ,পাইকগাছা পৌরসভা,খুলনা কে ৬,৯৩,১৮১/- অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।

**অনিয়মের কারণ** : সিপিডব্লিউ ডি কোডের প্যারা-১০০ এবং সিপিডব্লিউ এ কোডের প্যারা-২০৯ এর নিয়ম লংঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** : বাসায় বসবাসকারী কর্মকর্তার চাহিদার প্রেক্ষিতে প্রকৌশলীর পরিদর্শন প্রতিবেদন ও প্রাক্কলন অনুযায়ী কাজটি করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য** : জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, যে কোন মেরামত কাজের স্বপক্ষে প্রত্যাশী সংস্থার চাহিদাপত্র থাকা আবশ্যক এবং যে কোন পূর্ত কাজের বিল পরিশোধের ক্ষেত্রে (পরিমাপ বহি) এম বি তে কার্যের সঠিক মেজারমেন্ট /দৈর্ঘ, প্রস্ত, সংখ্যা, একক দর উল্লেখ পূর্বক বিল পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে।

**নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর : ২০**

**শিরোনাম :** যথাযথ প্রাক্কলন না করে মাটি ভরাট কাজের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২,১৭,৪২২/-

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর নিয়ন্ত্রণাধীন স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহের ২০২২-২০২৩ অর্থ বছরে যথাযথ প্রাক্কলন না করে মাটি ভরাট কাজের বিল পরিশোধ করায় সরকারের ২,১৭,৪২২/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর নিয়ন্ত্রণাধীন স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহের পূর্ত কাজের, বিল-ভাউচার যাচাইকালে দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত ৪ টি ঠিকাদারী প্রতিষ্ঠানকে পূর্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত কাজগুলোর Earth work in excavation আইটেমে বিভাগীয়ভাবে ১৭১৯ ঘঃমিঃ মাটি পাওয়া যায় কিন্তু উক্ত মাটি ব্যবহার না করে Earth filling work আইটেমের নামে অতিরিক্ত আরও ২০১১ ঘঃমিঃ মাটি ভরাট কাজের ৪টি বিলের মাধ্যমে ২,১৭,৪২২/-টাকা ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে।(সেন্ট্রাল পাবলিক ওয়ার্ক ডিপার্টমেন্ট) সিপিডব্লিউডি কোড প্যারা-৮১ অনুযায়ী যে কোন পূর্ত কাজের যথাযথ বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী বিল পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন না করে ঠিকাদারকে ২০১১ ঘঃমিঃ মাটি ভরাটের বিল বাবদ ২,১৭,৪২২/-টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।

(বিস্তারিত পরিশিষ্ট "  " দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণ :** সিপিডব্লিউডি ডি কোড প্যারা-৮১ এর শর্ত লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** অডিট মেমো নং-০৯ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে সংস্কারকৃত পুকুর সমূহের তলদেশের মাটি নরম কাদাযুক্ত হওয়ায় পুকুরের পাড় মেরামত উপযোগী নয় বিধায় বাহির হতে মাটি সংগ্রহ করা হয়েছে। কর্দমাক্ত মাটি পাড় সংরক্ষণে উপযোগী না হওয়ায় উন্নতমানের মাটি সংগ্রহ পূর্বক লাইভ ব্রুড মাছের পুকুর পাড় মেরামত করা হয়েছে। জাতীয় চাহিদা নিরিখে জনগণের পুষ্টি প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে চলমান গবেষণার স্বার্থে উত্থাপিত মেমোটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। যে কোন পূর্ত কাজের যথাযথ বিস্তারিত প্রাক্কলন প্রস্তুতপূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী বিল পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু ঠিকাদারকে ২০১১ ঘঃমিঃ মাটি ভরাটের বিল বাবদ অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :** ঠিকাদারদের নিকট থেকে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ২১

**শিরোনাম :** একই কাজ ২বার দেখিয়ে পূর্ত কাজ করায় এবং নতুন তৈরিকৃত সাব ষ্টেশনে রং দেখিয়ে ব্যয় করায় সরকারের ১,৯৪,৪৮৫ টাকা (এক লক্ষ চুরানব্বই হাজার চারশত পঁচাশি) আর্থিক ক্ষতি।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন "সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্র,কক্সবাজার" এর ২০২২-২৩ অর্থবছরের একই কাজ ২বার দেখিয়ে পূর্ত কাজ করায় এবং নতুন তৈরিকৃত সাব ষ্টেশনে রং দেখিয়ে ব্যয় করায় সরকারের ১,৯৪,৪৮৫ টাকা (এক লক্ষ চুরানব্বই হাজার চারশত পঁচাশি) আর্থিক ক্ষতি করা হয়ে।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ,ব্যয় বিবরণী এবং পূর্ত কাজের নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্র,কক্সবাজার কেন্দ্র হতে গেষ্ট হাউজ,সাব ষ্টেশন,অফিস ভিতর ও বাহির বাউন্ডারী,এ,বি,ই এবং ডি টাইপ আবাসিক ভবন মেরামত এবং রং করার জন্য মেসার্স ইসলাম এন্টারপ্রাইজকে ২৮.০৩.২৩ খ্রি. তারিখে ৫,৪৮,২৯৫ টাকা মূল্যের কার্যাদেশ প্রদান করা হয় এবং কার্যাদেশ অনুযায়ী বিল প্রদান করা হয়। সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ প্রকল্প হতে নতুন সাব ষ্টেশন করা সত্ত্বেও উক্ত সাব ষ্টেশনকে রং করা দেখিয়ে বিওকিউ আইটেম নং-০৩ এ সাব ষ্টেশন রং বাবদ ১২১০ বর্গফুট= ১১২.৪১ বর্গমিটার * ১৭৭=১৯,৮৯৬ টাকা অনিয়মিত ব্যয় করা হয়েছে এবং সি-৩ ভবনে সামুদ্রিক মৎস্য উন্নয়ন প্রকল্প হতে মেরামত ও রং করা হলেও রাজস্ব খাতে ভবন রং করা বাবদ ৪৭,৮৮৪ টাকা অনিয়মিতভাবে ব্যয় করা হয়েছে। আবার উক্ত বিলে অফিস ভবনে মেরামত ও রং করা সত্ত্বেও নতুন করে এ টাইপ ভবনকে রিপেয়ার ও রং করা দেখিয়ে ১,২৬,৭০৫ টাকা ব্যয় করা হয়েছে। নতুন রংকৃত ভবনে নতুন করে রিপেয়ার ও রং করা দেখিয়ে অনিয়মিতভাবে ১,২৬,৭০৫ টাকা ব্যয় করা হয়েছে। উল্লেখ্য যে, কেন্দ্রের অফিস ভবনটি পূর্বের এ টাইপ ভবন এবং উক্ত ভবনকে ২ বার মেরামত ও রং করার কাজ দেখানো হয়েছে। সিপিডব্লিউএ কোড এর প্যারা ২২৮ অনুযায়ী সম্পাদিত কাজের হিসাবের ভিত্তিতেই ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। কিন্তু এক্ষেত্রে আলোচ্য আদেশ লঙ্ঘন করে ১৯,৮৯৬+৪৭,৮৮৪+১,২৬,৭০৫= ১,৯৪,৪৮৫ টাকা মেরামতের প্রয়োজন না থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে ব্যয় করায় ১,৯৪,৪৮৫ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। বিস্তারিত পরিশিষ্ট দ্রষ্টব্য।

**অনিয়মের কারণ :** সিপিডব্লিউএ কোড এর প্যারা ২২৮ লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের আগমন উপলক্ষ্যে জরুরী ভিত্তিতে কেন্দ্রে গেষ্ট হাউজ, সাব- স্টেশন, বাউন্ডারী ওয়াল, এ-টাইপ, বি-টাইপ, এফ- টাইপ ও ডি-টাইপ আবাসিক ভবন মেরামত ও রং করা হয়। পরবর্তীতে এ-টাইপ বাসাটি এয়ার মার্ক হওয়ায় কেন্দ্র প্রধানের নামে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বাসাটিতে দীর্ঘ দিন প্রশাসনিক কার্যক্রম চলমান থাকায় বসবাসের উপযোগী করতে পুনরায় মেরামত করে কেন্দ্র প্রধানের নামে বরাদ্দ প্রদান করা হয়।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেন্দ্রের অফিস ভবনটি পূর্বের এ টাইপ ভবন এবং উক্ত ভবনকে ২ বার মেরামত ও রং করার কাজ দেখানো হয়েছে এবং অনিয়মিতভাবে সি-৩ ভবনটি প্রকল্প ও রাজস্ব হতে রং করা প্রদর্শন করে সরকারী অর্থের অপচয় করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ :** দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ দায়ীদের নিকট হতে আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ২২

**শিরোনাম :** কেন্দ্রে জ্বালানী বরাদ্দ থাকা সত্ত্বেও কোর প্রকল্পের পিআই কর্তৃক গবেষণা খাতে জ্বালানী ব্যয় ও মেরামত বিল নির্বাহ করায় এবং ল্যাপটপ থাকা সত্ত্বেও নতুন করে ল্যাপটপ ক্রয় করায় অনিয়মিত ব্যয় ৫,৮৬,৩৬৭/-(পাঁচ লক্ষ ছিয়াশি হাজার তিনশত সাতষট্টি) টাকা।

বিবরণ :

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন নদী কেন্দ্র,চাঁদপুর এর ২০২২-২৩ অর্থবছরের হিসাবের সার্বিক কার্যক্রম নিরীক্ষাকালে কেন্দ্রে জ্বালানী বরাদ্দ থাকা সত্ত্বেও কোর প্রকল্পের পিআই কর্তৃক গবেষণা খাতে জ্বালানী ব্যয় ও মেরামত বিল নির্বাহ করায় এবং ল্যাপটপ থাকা সত্ত্বেও নতুন করে ল্যাপটপ ক্রয় করায় ৫,৮৬,৩৬৭ টাকা অনিয়মিত ব্যয় করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী এবং গবেষণা খাতের নথি পর্যালোচনায় দেখা যায় যে, ৩টি কোর প্রকল্পে (সংক্ষিপ্ত নাম: লুনার, ক্লাইমেট ও ইকোলজি) ২০২২-২০২৩ অর্থ বছরে যথাক্রমে ১২,৫২,৫৯৭/-, ১১,৩৮,৯১৮/- ও ৬,৯৭,৯১৫/- টাকা সর্বমোট ৩০,৮৯,৪৩০/- টাকা ব্যয় করা হয়। কেন্দ্রে গাড়ী, স্পীড বোট ও জাহাজের জ্বালানী ব্যয় নির্বাহের জন্য ৩,৭৬,৯৫৪/- টাকা ব্যয় করা এবং কোর প্রকল্পের অধীনে ভ্রমন ভাতা প্রদান করা সত্ত্বেও কোর প্রকল্প হতে স্পীড বোটে ও গাড়ীতে অনিয়মিতভাবে ৪,০৩,৪০৭ টাকা জ্বালানী ব্যয় ব্যয় করা হয়েছে। উক্ত ৩টি কোর প্রকল্পে মেরামত ও নৌকা ভাড়া বাবদ ২১,৩৬০ টাকা অনিয়মিতভাবে প্রদান করা হয়েছে। ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প হতে ৮টি ল্যাপটপ জমা প্রদান করা হয়েছে এবং তন্মধ্যে ১টি ক্লাইমেট প্রকল্পের পিআই নেয়া সত্ত্বেও অনিয়মিতভাবে ১,৬১,৬০০/- টাকার নতুন ল্যাপটপ ক্রয় করা হয়েছে যা সরকারী অর্থের অপচয়। আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ২০১৫ এর ৫ (ক) অনুযায়ী সংযুক্ত দপ্তর কিংবা অধঃস্তন অফিসসমূহেকে যে উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয় সেই উদ্দেশ্যেই তা যেন ব্যয়িত হয় এবং (গ) মোতাবেক বাজেটে বিভিন্ন কোডের বিপরীতে বরাদ্দকৃত অর্থের মধ্যে যেন প্রকৃত ব্যয় সীমাবদ্ধ রাখা হয়। তাছাড়া জিএফআর-১০ অনুযায়ী একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন। কোর প্রকল্পের পিপিতে মূলধন জাতীয় পণ্য ক্রয়ের প্রভিশন না থাকলেও অনিয়মিতভাবে ক্রয় করা হয়েছে। ফলে উক্ত ৩টি কোর প্রকল্পে অনিয়মিতভাবে ৫,৮৬,৩৬৭/- ব্যয় করা হয়েছে।

**অনিয়মের কারণ :** আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ- ২০১৫ এর ৫ (ক) ও (গ) এবং জিএফআর-১০ লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব :** নদীকেন্দ্র , চাঁদপুর হতে পরিচালিত কোর গবেষণা প্রকল্পসমূহ জাতীয় চাহিদা নিরীখে কেন্দ্রীয় কর্মশালার মাধ্যমে গ্রহণ করা হয়।যার বেশীর ভাগ প্রকল্পসমূহ নদী , হাওড় ও উন্মুক্ত জলাশয় এবং বৈশ্বীক পরিবেশ কেন্দ্রিক, যা ইলিশ রক্ষা কার্যক্রম, উন্মুক্ত জলাশয়ে মাছের বিচরণ ক্ষেত্রে পরিবেশের প্রভাব এইসব বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনার স্বার্থে জাহাজ, স্পীড বোট নিয়ে নদীতে গমণ করতে হয়। যে কারণে প্রকল্প প্রস্তাবনায় নির্দিষ্ট কোডে জ্বালানী খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়। যা টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদিত । এই জ্বালানী বরাদ্দ না রাখা হলে এইসকল প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যহত হত।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কেননা কোর প্রকল্পের পিপিতে মূলধন জাতীয় পণ্য ক্রয়ের প্রভিশন না থাকলেও অনিয়মিতভাবে মূলধন জাতীয় পণ্য ক্রয় করা হয়েছে। রাজস্ব খাতে জ্বালানী বরাদ্দ থাকা সত্ত্বেও নতুন করে কোর প্রকল্প হতে জ্বালানী ব্যয় করা সঠিক হয়নি।

**নিরীক্ষার সুপারিশ :** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক অনিয়মিত ব্যয়কৃত অর্থ জড়িত কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর : ২৩

**শিরোনাম :** লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ায় সংস্থার আর্থিক ক্ষতি ২,৪৬,৬২০/- (দুই লক্ষ ছেচল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা ।

**বিবরণ :**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন "সামুদ্রিক মৎস্য প্রযুক্তি কেন্দ্র,কক্সবাজার" এবং "স্বাদুপানি উপকেন্দ্র, যশোর" কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ায় সংস্থার ২,৪৬,৬২০/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে ।

